পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের মাঝে এক অপরূপ ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দাম: ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 263 Friday, 23 August, 2024 ❋ ২৯ বর্ষ, ২৬৩ সংখ্যা ❋ ৬ ভাদ্র ১৪৩১, শুক্রবার, ২৩ আগস্ট, ২০২৪ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য– ৩ টাকা

কড়া আইন আনা হোক, ধর্ষণ-খুনের দ্রুত বিচারে মোদিকে চিঠি মমতার

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ আগস্টঃ আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ-হত্যাকাণ্ডের আবহে গোটা দেশজুড়েই এ ধরনের ঘটনার ভয়াবহতা উসকে উঠেছে। গোটা দেশেই এ ধরনের ঘটনা ক্রমবর্ধমান। সামাজিক ব্যাধি হিসেবে তা জনজীবনকে কুরে কুরে খাচ্ছে। তাই এসব মামলায় ১৫ দিনের মধ্যে বিচার প্রক্রিয়া শেষ করে দোষীদের দৃষ্টান্তমূলক সাজার ব্যবস্থা করা হোক। এই আবেদন জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে চিঠি পাঠালেন বাংলার মুখ্যমন্ত্রী। বৃহস্পতিবার বিকেলে সাংবাদিকদের মুখোমুখি হয়ে এই চিঠির বিষয়টি জানালেন মুখ্যমন্ত্রীর মুখ্য উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায়। চিঠির বয়ানও শোনালেন তিনি। পরে নবান্নের তরফে চিঠির কপিও দাবি দেওয়া হয়েছে।

চিঠির শুরুতেই মুখ্যমন্ত্রী দেশে ক্রমবর্ধমান নারী নির্যাতনের কথা উল্লেখ করেছেন। সেইসঙ্গে তুলে ধরেছেন পরিসংখ্যান। মুখ্যমন্ত্রীর দেওয়া তথ্য অনুযায়ী, দেশে রোজ প্রায় ৯০টি এই ধরনের ঘটনা ঘটছে। এই পরিসংখ্যান যথেষ্ট উদ্বেগজনক। চিঠিতে মমতা বন্দ্যোপাধ্যায়ের বক্তব্য, 'এমন ন্যক্কারজনক ঘটনায় ইতি টানা আমাদের সকলের দায়িত্ব। এসব ঘটনাকে চিহ্নিত করে দ্রুত বিচারপ্রক্রিয়া শেষ করতে হবে। আমার প্রস্তাব, দেশের প্রতিটি জায়গায় ফাস্ট ট্র্যাক স্পেশাল কোর্ট তৈরি করা হোক। তার মাধ্যমে ১৫ দিনের মধ্যে বিচারপ্রক্রিয়া শেষ করে দোষীদের শাস্তি দেওয়ার বিষয়টি ত্বরান্বিত হোক।' এ বিষয়ে তিনি কেন্দ্রকে নির্দিষ্ট নীতি নির্ধারণ করারও আবেদন জানিয়েছেন।

আরজি কর-কাণ্ড পুলিশকে ভর্ৎসনা সুপ্রিম কোর্টের

নয়াদিল্লি, ২২ আগস্টঃ আর জি কর মামলায় রাজ্যকে প্রশ্নবাণ শীর্ষ আদালতের। আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের দেহ উদ্ধার হয় সকালে। তখনই বিষয়টি টালা থানায় জানানো হয়। সকাল ১০টা বেজে ১০ মিনিটে জিডি করা হয়। এর পর সন্ধ্যে ৬টা ১০ থেকে ৭টা ১০-এর মধ্যে হয় চিকিৎসকের ময়নাতদন্ত। রাত ১১ বেজে ৩০ মিনিটে অস্বাভাবিক মৃত্যুর অভিযোগ দায়ের হয়। এফআইআর হয় তারও ১৫ মিনিট পর অর্থাৎ ১১টা বেজে ৪৫ মিনিটে। কেন ময়নাতদন্তের পর পর দায়ের হল অস্বাভাবিক মৃত্যুর অভিযোগ? কেন গোটা দিন পেরিয়ে রাত সাড়ে এগারোটায় সুরক্ষিত করা হল ঘটনাস্থল? লাগাতার প্রশ্নের মুখে সিব্বলের দাবি, তাঁদের কাছে টাইমলাইন রয়েছে। গোটা ঘটনায় বিস্মিত বিচারপতি জে পার্দিওয়ালা। তিনি বললেন, ''ময়নাতদন্তের পর অস্বাভাবিক মৃত্যুর অভিযোগ দায়ের। ৩০ বছরের কেরিয়ারে দেখিনি।'' সবমিলিয়ে রাজ্যের দেওয়া টাইমলাইন নিয়ে বারবার প্রশ্ন করে সুপ্রিম কোর্ট। ৯ আগস্ট থেকে আর জি কর কাণ্ড নিয়ে তোলপাড় বাংলা। জল গড়িয়েছে শীর্ষ আদালতে। বৃহস্পতিবার আদালতে স্টেটাস রিপোর্ট দেয় সিবিআই, রাজ্য ও কলকাতা পুলিশ। এর পরই ঘটনার দিনের ঘটনাক্রম ও পুলিশের ভূমিকা নিয়ে বারবার প্রশ্ন তোলেন বিচারপতিরা। সকাল ১০টা থেকে

এফআইআর দায়েরে কেন বেজে গেল রাত ১১টা ৪৫? গোটা দিন পেরিয়ে রাত সাড়ে এগারোটায় সুরক্ষিত করা হল ঘটনাস্থল? তাহলে মাঝের সময়টা পুলিশের ভূমিকা কী ছিল? সেই প্রশ্ন তুললেন বিচারপতি। যদিও কেস ডায়েরিতে অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজুর সময় ১১টা ৪৫ উল্লেখ করা হলেও রাজ্যের দাবি তা হয়েছে দুপুর ১টা ৪৫ মিনিটে। রাজ্যের তরফে জানানো হয়, সবকিছুর ভিডিওগ্রাফি করা হয়েছে। এফআইআর দায়েরে বিলম্ব হওয়ার কারণ হিসেবে জানানো হয়েছে, রাজ্য বলছে মৃতার বাবা এফআইআর দায়ের করার অনুমতি দেননি। এদিন রাজ্যের যুক্তিতে মোটেই সন্তুষ্ট নয় আদালত। বিচারপতি জে পার্দিওয়ালা বলেন, তিনি তাঁর ৩০ বছরের কেরিয়ারে দেখেননি যে আগে ময়নাতদন্তের পর অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু হচ্ছে। কপিল সিব্বলের একাধিক যুক্তি নিয়ে প্রশ্ন তোলেন প্রধান বিচারপতি। তুলোধোনা করেন কলকাতা পুলিশকেও।

কাশ্মীরে আবদুল্লাদের হাত ধরছেন রাহুল!

নয়াদিল্লি, ২২আগস্টঃ প্রাথমিক টালবাহানার পর কাশ্মীরে বিজেপিকে রুখতে এক ছাতার তলায় আসার সিদ্ধান্ত নিল কংগ্রেস এবং ন্যাশনাল কনফারেন্স। সূত্রের খবর, দুই শিবির আসন সমঝোতা করে ভোটে লড়ার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নিয়ে ফেলেছে। এমনকী, আসন সমঝোতার প্রাথমিক সূত্র নিয়েও আলোচনা হয়েছে। জানা গিয়েছে, সিপিএমও এই জোটের অংশ হিসাবে যোগ দেবে। ন্যাশনাল কনফারেন্স নেতা ফারুখ আবদুল্লা সে কথা জানিয়েও দিয়েছেন। নয়া কেন্দ্রশাসিত অঞ্চলের আসন্ন নির্বাচনে কংগ্রেসের একা লড়া উচিত, না কি 'গুপকার' সঙ্গীদের সঙ্গে জোট বেঁধে, কর্মী-সমর্থকদের থেকে সরাসরি এর উত্তর খুঁজতে দু'দিনের সফরে জম্মু-কাশ্মীর রয়েছেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে ও প্রাক্তন সভাপতি রাহুল গান্ধি। সূত্রের খবর, বুধবার রাতেই ন্যাশনাল কনফারেন্স নেতাদের সঙ্গে একপ্রস্ত কথা হয়েছে কংগ্রেস শীর্ষ নেতৃত্বের। সেখানেই তাঁরা একসঙ্গে লড়ার ব্যাপারে সহমত হয়েছেন। আসন সমঝোতার প্রাথমিক সূত্র বলছে, কংগ্রেস কাশ্মীর উপত্যকায় ১২টি আসনে লড়তে চায়। বদলে ন্যাশনাল কনফারেন্সের জন্য জম্মুতে ১২ আসন ছাড়তে রাজি হাত শিবির।

'আমার মেয়ে অনেক কিছু জেনে ফেলে, ওকে মারতে সঞ্জয়কে কেউ সুপারি দেয়'

দাবি নির্যাতিতার মায়ের

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ আগস্টঃ আরজি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিহত তরুণী চিকিৎসকের মা-বাবা এবার দাবি করলেন, তাঁদের মেয়েকে খুন করতে অভিযুক্ত সঞ্জয় রায়কে কেউ সুপারি দিয়েছিল। ৯ আগস্ট হাসপাতালের সেমিনার রুমে মর্মান্তিক অবস্থায় চিকিৎসকের ধর্ষিত দেহ উদ্ধারের পরের দিনই সঞ্জয় রায়কে গ্রেফতার করে পুলিশ। আগের দিন রাতে সে বেশ খানিকটা সময় সে সেমিনার রুমে ছিল বলে দেখা গেছিল সিসিটিভি ফুটেজে। তার হেডফোনের তারও উদ্ধার হয়েছিল ঘটনাস্থল থেকে। প্রথম থেকেই নানা স্তর থেকে দাবি করা হয়েছে, সঞ্জয়ের একার পক্ষে ওই ভয়াবহ ধর্ষণ ও খুন সম্ভব নয়। এই সম্ভাবনা উড়িয়ে দেয়নি পুলিশও। এমনকি ময়নাতদন্তের রিপোর্টেও যা যা তথ্য মিলেছে, তাতে বারবারই প্রশ্ন উঠেছে,

সঞ্জয় একা এই কাণ্ড ঘটাল কী করে। যদিও সিবিআই তদন্ত এখনও পর্যন্ত ইঙ্গিত দিয়েছে, গণধর্ষণ করা হয়নি তরুণীকে। এই পরিস্থিতিতে নির্যাতিতার মা একটি সর্বভারতীয় টিভি চ্যানেলের সাক্ষাৎকারে দাবি করেছেন, তাঁর মেয়ে হাসপাতালের 'কিছু অন্ধকার বিষয়' সম্পর্কে জেনে ফেলেছিল। সে জন্যই খুন হতে হয়েছে মেয়েকে। তিনি বলেন, ''আমাদের মেয়েকে মারার জন্য কেউ সঞ্জয়কে মোতায়েন করেছিল। আমরা সোশ্যাল মিডিয়ায় অনেক কিছু দেখছি। আর সহ্য হচ্ছে না। খালি মনে হচ্ছে, অত্যাচারের সময়ে মেয়ে আমার নিশ্চয় মা মা করে চিৎকার করেছিল... আমি তো শুনতে পাইনি।'' নির্যাতিতার মা ওই সাক্ষাৎকারে আরও দাবি করেছেন, যে আরজি কর মেডিক্যাল কলেজের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ তাঁকে ঘটনার পরে কোনও ফোন করেননি এবং পরে সে জন্য তাঁদের কাছে ক্ষমাও চেয়েছিলেন। মা আরও বলেন, ''আমার মেয়ে সবসময় ভয় পেত, সন্দীপ ঘোষ ওকে এমডি পরীক্ষায় ফেল করিয়ে দেবেন। ওই দিন আমার মেয়ের শেষ কথা ছিল, খাবার এসে গেছে। ও বলেছিল, পরের দিন বাবার ওষুধের অর্ডার দিয়ে দেবে। পরের দিন রাতে বাইরে খেতে যাবে বলেও জানিয়েছিল।'' এদিনের সাক্ষাৎকারে নির্যাতিতার মা আরও বলেন, ''ওরা (হাসপাতাল) কিছু লুকিয়ে রেখেছিল। আমরা যাওয়ার পরে প্রথমে আমাদের মেয়ের দেহও দেখায়নি। অনেক পরে দেখতে দিল। কেন ওরা আমাদের মেয়ের মুখ দেখাতে চার ঘণ্টা লাগাল? ওরা কি লুকোচ্ছিল ওই সময়ে?'' মেয়ে কত পরিশ্রম করত, সে কথা মনে করে মা বলছিলেন, ''ও ৩৬ ঘণ্টা ডিউটি করার পরেও পড়াশোনা করত। সেই সঙ্গে আরও চারটে অনলাইন কোর্স করছিল। কোভিডের সময় তো ও টানা চার দিনও ডিউটিতে থাকত পুরসভার একটা হাসপাতালে। ও আমাদের বলত, এমডি-তে গোল্ড মেডেল পেতে চায়। কিন্তু এখন তো মেয়েকে হারিয়েই ফেললাম। এখন যারা মেয়ের জন্য বিচার চেয়ে প্রতিবাদ করছে, ওরা সবাই আমার সন্তান।'' নির্যাতিতার বিয়ের ঠিক হয়েছিল আর কিছুদিন পরেই। সে কথা প্রসঙ্গে তাঁর মা কান্নায় ভেঙে পড়ে বলেন, ''নিজের বিয়ের খরচ হিসেবে ওর বাবাকে ৫ লাখ টাকা দিতে চেয়েছিল ও। সব শেষ হয়ে গেল। এখন তো ওর ব্যবহারের ল্যাপটপ, মোবাইলও আমাদের কাছে নেই, সিবিআইয়ের কাছে রয়েছে। আমরা ওর বিচার চাই।''

'নবান্ন অভিযানের অনুমতিই নেই', হাইকোর্টে গেল রাজ্য

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ আগস্টঃ আগামী ২৭ আগস্ট নবান্ন অভিযানের ডাক দেওয়া হয়েছে। আরজি করের ঘটনার প্রতিবাদ জানাতে 'পশ্চিমবঙ্গ ছাত্র সমাজ'-এর নামে এই অভিযান হবে বলে জানা গিয়েছে। অভিযানে অংশ নেবেন বলে জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সেই মিছিল নিয়ে এবার মামলা হল কলকাতা হাইকোর্টে। বৃহস্পতিবার মামলা করার অনুমতি দেওয়া হয়েছে। শুক্রবার শুনানি হবে এই মামলায়। হাইকোর্টে যে আবেদন করা হয়েছে, তাতে রাজ্যের দাবি, পুলিশের অনুমতি না নিয়ে সোশ্যাল মিডিয়ায় প্রতিবাদের ডাক দেওয়া হয়েছে। আগামী ২৭ আগস্ট যে নবান্ন অভিযানের ডাক দেওয়া হয়েছে, সে বিষয়ে পুলিশের কাছে কোনও অনুমতি নেওয়া হয়নি বলে দাবি রাজ্যের। তাই আদালত থেকে নির্দেশ প্রয়োজন বলে দাবি করা হয়েছে। মামলা দায়ের করার অনুমতি দেওয়া হয়েছে। এদিকে, রাজ্য জুড়ে দফায় দফায় যে প্রতিবাদ মিছিল হচ্ছে, সেই প্রসঙ্গ এদিন উল্লেখ করা হয়েছে সুপ্রিম কোর্টেও। রাজ্যের তরফে আইনজীবী কপিল সিবল দাবি করেন, কোন রুটে কখন মিছিল হবে, তা জানাতে হবে। এসওপি তৈরি করে দেওয়া হোক। সুপ্রিম কোর্ট কোনও এসওপি তৈরি করেনি। প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড় বার্তা দিয়েছেন, শান্তিপূর্ণ মিছিলে কোনও হস্তক্ষেপ করতে পারবে না রাজ্য। আরজি করের ঘটনার প্রতিবাদ জানাতে রাজ্য জুড়ে প্রায় প্রতিদিনই চোখে পড়ছে মিছিল। সামিল হচ্ছেন সমাজের সর্বস্তরের মানুষ।

সিবিআই সূত্রে দাবি

আরজি করে গণধর্ষণ হয়নি, ধৃত সঞ্জয় একাই ধর্ষণ ও খুন করেছে

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ আগস্টঃ কলকাতার আরজি কর হাসপাতালের নৃশংস ধর্ষণ ও খুনের ঘটনায় এখনও পর্যন্ত একজনই গ্রেফতার হয়েছে। সে হল, কলকাতা পুলিশের সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায়। তবে গোড়া থেকেই মৃতের পরিবার থেকে শুরু করে অনেকের ধারণা ও অভিযোগ হল, এই নারকীয় ঘটনা সঞ্জয় একা ঘটায়নি। যে পাশবিক অত্যাচার চালানো হয়েছে চিকিৎসক-পড়ুয়ার ওপর তা কোনও একজনের পক্ষে করা সম্ভব নয়। কিন্তু সিবিআই রিপোর্ট অন্য ইঙ্গিত দিচ্ছে। ইন্ডিয়া টুডের প্রতিবেদনে সিবিআইকে সূত্রকে উদ্ধৃত করে বলা হয়েছে, আরজি করে গণধর্ষণ হয়নি। সঞ্জয় রায়ই একাই ধর্ষণ ও খুন করেছে। 'ইন্ডিয়া টুডে'-এর রিপোর্ট অনুসারে, আরজি করের নির্যাতিতার গণধর্ষণ হয়নি। সিবিআই তদন্তে আপাতত এই তথ্যই উঠে এসেছে। সূত্র মারফত তারা জানতে পেরেছে,

ডিএনএ রিপোর্টে একজনের যুক্ত থাকার প্রমাণই মিলেছে, একাধিক জনের নয়। তাই গণধর্ষণের যে সন্দেহ করা হচ্ছে তা ভিত্তিহীন বলেই দাবি করা হয়েছে সিবিআই-এর প্রাথমিক রিপোর্টে। অবশ্য এখনই এই রিপোর্টকে চূড়ান্ত রিপোর্ট বলা হচ্ছে না। সিবিআই ফরেন্সিক রিপোর্ট একাধিক এক্সপার্টদের দিয়ে যাচাই করাবে বলে জানা গেছে। নিহত চিকিৎসক ছাত্রীর ময়নাতদন্তের রিপোর্ট অনুযায়ী, তাঁর সারা শরীরে অনেকগুলি ছোট-বড় ক্ষত ছিল। সব মিলিয়ে তার সংখ্যা ১৬টি। মাথায়, গালে, নাকে, ঠোঁটের ভিতরে, বাম কাঁধে ও হাতে, বাম হাঁটুতে, এবং যৌনাঙ্গে ক্ষতচিহ্ন মিলেছে। একই সঙ্গে দুই ফুসফুসে হেমারেজ অর্থাৎ রক্ত জমাট অবস্থায় পাওয়া গেছিল। বিস্তারিত রিপোর্টে এও বলা হয়েছে, চিকিৎসকের এন্ডোসার্ভাইকাল ক্যানেলে গাঢ় সাদা তরল পাওয়া গিয়েছে, চিকিৎসা পরিভাষায় যাকে বলা যেতে পারে, হোয়াইট থিক ভিসিড লিক্যুইড। যার ওজন হতে পারে ১৫১ গ্রাম। এরপরই কেউ কেউ সন্দেহ চাড়িয়ে দিতে চেয়েছিলেন যে, এটি গণধর্ষণের ঘটনা। কারণ ১৫১ গ্রাম সিমেন একজন স্বাভাবিক পুরুষের শরীর বেরোয় না। তবে ময়না তদন্তের রিপোর্ট দেখে বোঝা যাচ্ছে, ১৫১ গ্রাম সবটাই সিমেন নয়। তা হল এন্ডোসার্ভাইকাল ক্যানেলে থাকা হোয়াইট থিক ভিসিড লিক্যুইড। কলকাতা পুলিশ এই ঘটনার তদন্ত শুরু করেছিল। প্রাথমিক পর্যায়ে জানা গেছিল, সঞ্জয় সব অভিযোগ স্বীকার করেছে। তবে আন্দোলনরত পড়ুয়াদের একটা বড় অংশই মনে করছে কাউকে আড়াল করার চেষ্টা হচ্ছে। সঞ্জয় একা জড়িত নয়। নির্যাতিতার বাবা-মাও এমনই সন্দেহ প্রকাশ করেছেন। তাঁদের দাবি, এটি গণধর্ষণের ঘটনা। অত্যাচার চালিয়ে ধর্ষণ করে মেয়েকে খুন করা হয়েছে। ঘটনায় মেয়ের সহকর্মীরাও যুক্ত থাকতে পারে বলে সংবাদমাধ্যমে জানিয়েছিলেন মৃতার বাবা-মা। মূলত যে আঘাতের চিহ্ন মিলেছে তা দেখে কেউই বিশ্বাস করতে চাইছেন না যে এটি সঞ্জয় রায় একা করেছেন। যদিও সিবিআই রিপোর্ট এমনই ইঙ্গিত দিচ্ছে। সূত্রের খবর, মূল অভিযুক্ত সঞ্জয় রায় কলকাতা পুলিশের হেফাজতে থাকাকালীনই শিকার করেছিল সে একাই এই ঘটনা ঘটিয়েছে। কেন, তার ব্যাখ্যা দিতে গিয়ে বলেছিল রাগের বশে করে ফেলেছে। তরুণী চিৎকার করে লোক ডাকত, বারণ করা সত্ত্বেও চিৎকার করতে যাচ্ছিল তাই তাঁকে মেরেছিল সে। নির্বিকার স্বরে বলেছিল, 'আমার ফাঁসি দিলে দিন'। অনুশোচনার কোনও লক্ষণ না দেখিয়ে পুরো নৃশংস অপরাধের বর্ণনাও নাকি দিয়েছিল সে। সিবিআই সঞ্জয়কে হেফাজতে পাওয়ার পর তার পলিগ্রাফ টেস্ট করানোর অনুমতি চায়। যদিও আদালতের অনুমতির পরও সেই টেস্ট এখনও করাতে পারেনি তাঁরা। তবে সঞ্জয়ের মনস্তাত্ত্বিক মূল্যায়নে যা সামনে এসেছে, তাতেই চমকে উঠছেন তদন্তকারীরা। সঞ্জয় রায় অপরাধ করেছে কিনা তা তদন্তসাপেক্ষ, কিন্তু সে যে বিকৃত যৌনতায় আক্রান্ত অর্থা 'সেক্সুয়ালি পারভার্টেড', তাতে কোনও সন্দেহ নেই বলেই সিবিআই সূত্রের খবর।

'৫০ দিনের মধ্যে ধর্ষকদের শাস্তি চাই'

এক্স হ্যান্ডেল জোরাল দাবি অভিষেকের

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ আগস্টঃ আরজি কর-কাণ্ড তোলপাড় করেছে গোটা দেশকে। তার মধ্যেই ধর্ষণ বন্ধে কড়া আইনের দাবি করলেন ডায়মন্ড হারবারের সাংসদ তথা তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। পঞ্চাশ দিনে ধর্ষকের শাস্তির দাবি 'তৃণমূল সেনাপতির'। এই সংক্রান্ত ইস্যুতে এবার পোস্ট করলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। তবে তৃণমূল সাংসদের এই পোস্ট অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে মনে করছে ওয়াকিবহাল মহল। কেন? আরজি করের ঘটনার পর প্রথম অভিযুক্তের ফাঁসির দাবিতে সরব হন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এরপরই 'এনকাউন্টার তত্ত্ব' নিয়ে এসেছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। এবার সার্বিকভাবে গোটা দেশে ধর্ষণ রুখতে কড়া আইনের দাবি জানালেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। তাঁর দাবি, আমাদের এমন কড়া আইন আনতে হবে যাতে ৫০ দিনের মধ্যে গোটা বিচারপ্রক্রিয়া নিষ্পত্তি হয়। এবং দোষীরা শাস্তি পায়। আর জি কর কাণ্ডের পর অভিষেক প্রকাশ্যে ধর্ষকদের

এনকাউন্টারের দাবি জানান। তার পর অবশ্য বেশ কিছুদিন সেভাবে এই ইস্যুতে সেভাবে মুখ খোলেননি তিনি। বৃহস্পতিবার এক্স হ্যান্ডেলে এক পোস্টে তিনি বলেন, 'গত ১০ দিন গোটা দেশজুড়ে আর জি করের নৃশংস ঘটনার বিচারের দাবিতে প্রতিবাদ চলছে। এই সময় গোটা দেশে ৯০০টি ধর্ষণের ঘটনা ঘটেছে। ঠিক যে সময় মানুষ রাস্তায় নেমে এই নৃশংস ঘটনার প্রতিবাদ করছেন তখনই এই ধর্ষণগুলি হয়েছে। কিন্তু এখনও এই সমস্যার স্থায়ী সমাধানে কোনও পদক্ষেপ করা হল না।' অভিষেক বলেন, 'দিনে ৯০টি, ঘণ্টায় চারটি, প্রতি ১৫ মিনিটে একটি করে ধর্ষণের ঘটনা ঘটছে। স্বাভাবিক ভাবেই দৃষ্টান্তমূলক পদক্ষেপের প্রয়োজন স্পষ্ট। কঠোর আইন প্রয়োজন যাতে ৫০ দিনের মধ্যে বিচারপ্রক্রিয়া নিষ্পত্তি করে দোষীদের শাস্তি দেওয়া যায়। প্রত্যেক ধর্ষকের কঠোর শাস্তি চাই।' এর পরই সরাসরি তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক বলেন, 'শুধু ফাঁকা বুলি নয়। রাজ্য সরকারগুলিকে আরও সক্রিয় হতে হবে। কেন্দ্রের উপর চাপ বাড়াতে হবে যাতে কেন্দ্র দ্রুত এবং মসৃণ বিচারপ্রক্রিয়া সম্পন্ন করার জন্য সুনির্দিষ্ট আইন কার্যকর করে। এর চেয়ে কম কোনও পদক্ষেপ নেওয়া মানে সেটার কার্যক্ষেত্রে কোনও ভূমিকা থাকবে না, বা লোকদেখানো হবে।'

আটক শুভেন্দুকে নিয়ে যাওয়া হয় থানায়, আজ বিজেপির থানা ঘেরাও কর্মসূচি

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ আগস্টঃ আরজি কর কাণ্ডের প্রতিবাদে বিজেপির স্বাস্থ্যভবন অভিযানে ধুন্ধুমার। পুলিশের সঙ্গে কার্যত খণ্ডযুদ্ধ গেরুয়া শিবিরের কর্মী, সমর্থকদের। এরই মধ্যে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে আটক করল পুলিশ। তাঁকে প্রিজন ভ্যানে তোলা হয়। বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও দিলীপ ঘোষের নেতৃত্বে এই স্বাস্থ্যভবন অভিযান হয়। উল্টোডাঙার হাডকো মোড় থেকে এই মিছিল শুরু করে বিজেপি। নকল হাতকড়া, মমতা বন্দ্যোপাধ্যায়ের পদত্যাগের দাবি তোলা প্ল্যাকার্ড নিয়ে বিক্ষোভ দেখাচ্ছিল বিজেপি কর্মী-সমর্থকরা। মিছিল কিছু দূরে যাওয়ার পরই পুলিশ তাঁদের বাধা দেয় বলে অভিযোগ। এরপরই ধুন্ধুমার কাণ্ড বেঁধে যায়। শুভেন্দু অধিকারীকে আটক করে প্রিজন ভ্যানে তোলা হলে একাধিক বিজেপি কর্মীরা সেই ভ্যানের ওপরে উঠে যান। এদিকে পুলিশের গাড়ি থেকেই 'খুনি মমতা' বলে স্লোগান দিতে থাকেন বিজেপি বিধায়ক শুভেন্দু। শুভেন্দু বলেন, ''এভাবে দমানো যাবে না।'' একইসঙ্গে তিনি বলেন, ''পুলিশ তুলেছে, পুলিশ জানে ওরা কী করবে।'' অন্যদিকে শমীক ভট্টাচার্য বলেন, ''এভাবে কোনওদিন গ্রেফতার করা যায় না। এটা সম্পূর্ণ অগণতান্ত্রিক। রাজ্যের বিরোধী দলনেতা পদটা গুরুত্বপূর্ণ পদ। তাঁকে এভাবে গাড়িতে তোলা যায় না।'' মিছিল শুরুর আগেই দলের নেত্রী লকেট চট্টোপাধ্যায় বলেছিলেন, ''যে রাজ্যের মুখ্যমন্ত্রী একজন মহিলা, সেখানে মহিলাদের সঙ্গেই এমন নৃশংস ঘটনা ঘটছে। সুপ্রিম কোর্ট যে কথা বলেছে তারপর পশ্চিমবঙ্গের মানুষ হিসেবে লজ্জা করছে।'' শীর্ষ আদালত আরজি কর মামলার শুনানিতে বলেছে, ৩০ বছরে এমন ঘটনা তাঁরা দেখেনি। এর আগে গত মঙ্গলবার একই দাবিতে স্বাস্থ্যভবন অভিযানে নেমেছিল সঙ্ঘের ছাত্র সংগঠন অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ (এবিভিপি)।ওই অভিযানকে ঘিরে সেদিন রণক্ষেত্রর চেহারা নিয়েছিল সল্টলেক। বৃহস্পতিবারও একই ঘটনার সাক্ষী থাকল শহর কলকাতা। তবে পুলিশি বাধার মুখে পড়লেও স্বাস্থ্যভবন অভিযান থেকে সরে আসছে না গেরুয়া শিবির। 'উই ওয়ান্ট জাস্টিস' স্লোগান তুলে তাঁরা পুলিশের ব্যারিকেড ভেঙে স্বাস্থ্যভবনের দিকে এগিয়ে যাওয়ার চেষ্টা করে। যদিও সন্ধ্যার আগেই থানা থেকে শুভেন্দু অধিকারীকে ছেড়ে দেওয়া হয়। সঙ্গে ৪৫ জন কর্মী। এদিন থানা থেকে বেরিয়ে শুভেন্দু অধিকারী জানান, ''পুলিশ বর্বরোচিত আক্রমণ করেছে। তারই প্রতিবাদে আগামিকাল শুক্রবার রাজ্যজুড়ে থানায় বিক্ষোভ দেখাবে বিজেপি।''

শুক্রবার বিকেল ৫টার মধ্যে সঞ্জয়ের পলিগ্রাফ টেস্টের নির্দেশ দিতে হবে সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি ও কলকাতা, ২২ আগস্টঃ আরজি কর কাণ্ডে অন্যতম অভিযুক্ত সঞ্জয় রায়ের পলিগ্রাফ টেস্টের জন্য স্পষ্ট নির্দেশ দিল সুপ্রিম কোর্ট। সর্বোচ্চ আদালতের প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড় বৃহস্পতিবার শুনানির সময়ে জানিয়ে দিলেন, শুক্রবার বিকেল ৫টার মধ্যে শিয়ালদহ কোর্টের অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের আদালত যেন এ ব্যাপারে নির্দেশ দেয়। এদিন শুনানিতে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি বলেন, ''সিবিআই ও কলকাতা পুলিশ-দুজনের কাছ থেকেই আমরা স্টেটাস রিপোর্ট পেয়েছি। কলকাতা পুলিশ হাসপাতালে হামলার তদন্ত করছে। রেকর্ড থেকে দেখা যাচ্ছে, পলিগ্রাফ টেস্টের জন্য শিয়ালদহ কোর্টের অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের কাছে আবেদন জানানো হয়েছে। তা আদালতের বিবেচনাধীন রয়েছে।'' এরই পরই প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড় বলেন, ''২৩ আগস্ট বিকেল ৫টার মধ্যে শিয়ালদহ কোর্টের অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটকে এ ব্যাপারে নির্দেশ দিতে হবে।'' আরজি কর হাসপাতালের নৃশংস ধর্ষণ ও খুনের ঘটনায় এ যাব একজনকেই গ্রেফতার করা হয়েছে। সে হল, কলকাতা পুলিশের সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায়। বৃহস্পতিবার ইন্ডিয়া টুডের প্রতিবেদনে সিবিআইকে সূত্রকে উদ্ধৃত করে বলা হয়েছে, আরজি করে গণধর্ষণ হয়নি। সঞ্জয় রায়ই একাই ধর্ষণ ও খুন করেছে। সেদিক থেকে সঞ্জয় রায়ের পলিগ্রাফ টেস্ট করা জরুরি বিষয়। কারণ, সে কোনও তথ্য লুকোচ্ছে কিনা, সত্যি কথা বলছে কিনা তা জানা দরকার। 'ইন্ডিয়া টুডে'-এর রিপোর্ট অনুসারে, ডিএনএ রিপোর্টে একজনের যুক্ত থাকার প্রমাণই মিলেছে, একাধিক জনের নয়। তাই গণধর্ষণের যে সন্দেহ করা হচ্ছে তা ভিত্তিহীন বলেই দাবি করা হয়েছে সিবিআই-এর প্রাথমিক রিপোর্টে। অবশ্য এখনই এই রিপোর্টকে চূড়ান্ত রিপোর্ট বলা হচ্ছে না। সিবিআই ফরেন্সিক রিপোর্ট একাধিক এক্সপার্টদের দিয়ে যাচাই করাবে বলে জানা গেছে। অন্যদিকে আরজি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের পলিগ্রাফ টেস্টের অনুমতি দিল আদালত। সন্দীপের পাশাপাশি সেদিন রাতে নির্যাতিতা ডাক্তারি ছাত্রীর সঙ্গে যে চার চিকিৎসক ছিলেন তাঁদেরও পলিগ্রাফ টেস্টের অনুমতি দিল শিয়ালদহ আদালত। আগামী শুক্রবার সকালে তাঁদের পলিগ্রাফ টেস্ট করানো হবে। এদিন আরজি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ-সহ পাঁচজনকে সল্টলেকের সিজিও কমপ্লেক্সের সিবিআইয়ের অ্যান্টি কোরাপশন ব্রাঞ্চ থেকে শিয়ালদহ আদালতে নিয়ে আসে সিবিআই। রুদ্ধদ্বার আদালতে ম্যাজিস্ট্রেটের সামনে মুখোমুখি বসিয়ে সিবিআই এর তরফে তাঁদের পলিগ্রাফ টেস্টের জন্য আবেদন করা হয়। সন্ধেয় সেই আবেদন মঞ্জুর করেছে আদালত।

রেহানা বিবির ৫ বছরের শিশুপুত্রের দেহ পাওয়া গেল সেই আনন্দপুরেই

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ আগস্টঃ বুধবার সকালে আনন্দপুর থেকে মিলেছিল এক মহিলার রক্তাক্ত দেহ। প্রাথমিকভাবে তাঁর নাম পরিচয় জানা না গেলেও পরে জানা যায় তিনি নারকেলডাঙার বাসিন্দা। এবার মিলল তাঁর পাঁচ বছরের সন্তানের দেহও। বৃহস্পতিবার সকালে আনন্দপুর খাল থেকেই উদ্ধার হয় ওই শিশুপুত্রের দেহ। আরজি করে ডাক্তারির ছাত্রীকে ধর্ষণ ও খুনের ঘটনায় এখনও শহরজুড়ে প্রতিবাদের ঢেউ। তারই মধ্যে বুধবার সকালে আনন্দপুর থেকে উদ্ধার হয় এক মহিলার ক্ষতবিক্ষত দেহ। একটি ঝোপের ধারে রক্তাক্ত অবস্থায় পড়েছিল দেহটি। স্বাভাবিকভাবেই এই ঘটনায় শোরগোল পড়ে। ভোর ৬টা নাগাদ বাসিন্দাদের অনেকেই তখন হাঁটতে বেরিয়েছিলেন। তাদেরই কয়েকজনের নজরে পড়ে। মহিলার শরীরের বিভিন্ন জায়গায় আঘাতের চিহ্ন ছিল। তাই আবারও কি ধর্ষণ করে খুন! সে প্রশ্নও ওঠে। খবর পেয়ে আনন্দপুর

থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছয়। দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। ওই মহিলাকে ওখানেই খুন করা হয়েছে, না অন্য কোথাও মেরে এখানে দেহ ফেলে যাওয়া হয়েছে সে বিষয়টি খতিয়ে দেখা শুরু হয়। পরে জানা যায়, ওই মহিলা নারকেলডাঙার বাসিন্দা। তদন্তে নেমে এক ট্যাক্সি চালককে গ্রেফতার করে পুলিশ। তাঁর বিরুদ্ধেই ওঠে খুনের অভিযোগ। তবে মহিলার দেহ উদ্ধারের পর থেকেই খোঁজ মিলছিল না তাঁর ৫ বছরের সন্তানের। অভিযুক্ত গ্রেফতার হওয়ার পরও শিশুটির হদিশ পায়নি পুলিশ। তন্নতন্ন করে চলে খোঁজ। শেষ পর্যন্ত বৃহস্পতিবার সকালে আনন্দপুর খাল থেকে উদ্ধার হয় ৫ বছরের শিশুটির দেহ। জানা গেছে মায়ের সঙ্গেই গাড়িতে ছিল সে। পুলিশ জানিয়েছে, গাড়ির মধ্যেই খুন করা হয়েছে মহিলা ও তাঁর সন্তানকে। তদন্তে নেমে পুলিশ জানতে পারে, নারকেলডাঙার বাসিন্দা ওই মহিলার তিলজলাতেও একটি বাড়ি আছে। একটি ট্যাক্সিতে চেপে নারকেলডাঙার বাড়ি থেকে তিলতলায় যাতায়াত করতেন তিনি। মঙ্গলবার রাতে বাড়ি না ফেরায় খোঁজ শুরু করে বাড়ির লোক। এরপরই উদ্ধার হয় মহিলার দেহ।

টালিগঞ্জের স্বামী প্রণবানন্দ বিদ্যাপীঠে ঝুলন উৎসব

কলকাতা,২২আগষ্টঃবৃন্দাবনে রাধা কৃষ্ণের শৈশব স্মৃতি, সখাসখীদের সাথে দোলনায় দোলার লীলা বিলাসকে কেন্দ্র করে দ্বাপরযুগে ঝুলন উৎসবের সূচনা হয়েছিল। তারপর থেকে এটি হিন্দুদের গুরুত্বপূর্ণ উৎসবে পরিণত হয়। অমাবস্যার পরের একাদশী থেকে শ্রাবণী পূর্ণিমা পর্যন্ত চলে ঝুলনপূর্ণিমা বা ঝুলনযাত্রা। ছোট থেকেই ছাত্র ছাত্রীদের মধ্যে রাধা কৃষ্ণের লীলাবিলাসকে তুলে ধরতে টালিগঞ্জের স্বামী প্রণবানন্দ বিদ্যাপীঠের প্রাতঃ বিভাগে অনুষ্ঠিত হল 'ঝুলন উৎসব'। ন্ডউৎসবের সূচনা করেন স্কুলের সেক্রেটারি ও ভারত সেবাশ্রম সঙ্ঘের সন্নাসী স্বামী সংঘাত্মানন্দজি মহারাজ। উপস্থিত ছিলেন স্বামী প্রণবানন্দ বিদ্যাপীঠের ন্ডপ্রাতঃ বিভাগের প্রিন্সিপাল সুপ্রিয়াা তালুকদার, দিবা বিভাগের প্রধানের ভারপ্রাপ্ত শিক্ষিকা মৌসুমী গোস্বামী। ন্ডস্বামী সংঘাত্মানন্দজি মহারাজ বলেন, রাধাকৃষ্ণের জীবন থেকে আমাদের অনেক কিছু শিক্ষণীয় বিষয় আছে। ছোট থেকে ছাত্রছাত্রীদের সে ব্যাপারে উৎসাহিত করতেই এ বছর থেকে ভারত সেবাশ্রম সঙ্ঘের স্কুলে এই ঝুলনউৎসব শুরু হল। ন্ডদুই প্রধানা শিক্ষিকা জানান, ঝুলনযাত্রার মত ভারতীয় নানা অনুষ্ঠান যাতে আধ্যাত্মিকতা মিশে থাকে সেসব থেকে ছাত্রছাত্রীরা পুরাণ ও ইতিহাস সম্পর্কে অনেক কিছু জানতে পারে। প্রাতঃ বিভাগের ছাত্রছাত্রীরাই শ্রীকৃষ্ণের জন্ম থেকে শুরু করে বিভিন্ন লীলা হস্তশিল্পের মাধ্যমে অপূর্ব ভাবে ফুটিয়ে তুলেছে যা তাদের শুধু ভারতীয় আধ্যাত্মিকতা সম্পর্কে সচেতন করেছে তা নয়, তাদের মধ্যে শিল্প ভাবনাও ফুটিয়ে তুলেছে।

সাড়ে চার হাজার কোটি টাকা অনুমোদন

কলকাতা,২২আগষ্টঃকেন্দ্রীয় রেল মন্ত্রক রেলওয়ে সুরক্ষা প্রকল্পের আওতায় রাজ্যের তিনটি সেকশনের জন্য প্রায় সাড়ে চার হাজার কোটি টাকা অনুমোদন করেছে। দক্ষিণ-পূর্ব রেলের বালিচক রাসমানিস করিডরে সেফটি ফেন্সিং তৈরির জন্য ১ হাজার ৪১৪ কোটি ৯০ লক্ষ, হাওড়া দুনিয়া সেকশনে ফেন্সিং এবং সাবওয়ে তৈরির জন্য এক হাজার ৩৬ কোটি ২০ লক্ষ এবং খড়গপুর ভদ্রক শাখায় নিরাপত্তা পরিকাঠামো মজবুত করতে ২ হাজার ২১ কোটি ২০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে বলে দক্ষিণ পূর্ব রেল সুত্রে জানা গিয়েছে। এর ফলে পশ্চিমবঙ্গ ছাড়াও উড়িষ্যা এবং ঝাড়খণ্ডের মানুষ উপকৃত হবেন।

স্বনির্ভরতার জন্য মেয়াদী ঋণ প্রকল্প

কলকাতা,২২আগষ্টঃরাজ্য সরকার সংখ্যালঘু সম্প্রদায়ের যুবক যুবতীদের স্বনির্ভরতার জন্য মেয়াদী ঋণ প্রকল্পে গত ১২ বছরে এক লক্ষ কুড়ি হাজার ৪৭৮ জনকে ঋণ দিয়েছে। পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগমের তরফে এক বিবৃতিতে এই কথা জানানো হয়েছে। উল্লেখ্য ১৮ থেকে ৫০ বছর বয়সীরা এই ঋণ পাওয়ার জন্য আবেদন করতে পারেন। এই জন্য ত্রৈমাসিক কুড়িটি কিস্তিতে সেই ঋণ পরিশোধ করতে হয়।

এয়ার ইন্ডিয়ার বিমানে বোমাতঙ্ক!

তিরুবনন্তপুরম, ২২ আগস্টঃ বোমাতঙ্কের জেরে কেরলের তিরুবনন্তপুরম বিমানবন্দরে জরুরি অবতরণ করলো এয়ার ইন্ডিয়ার একটি বিমান। জরুরি পরিস্থিতি ঘোষণা করে বৃহস্পতিবার সকালে কেরলের তিরুবনন্তপুরম বিমান বন্দরে অবতরণ করে এয়ার ইন্ডিয়ার এআই৬৫৭ (মুম্বইতিরুবনন্তপুরম) বিমানটি। বিমানটিকে নিরাপদ দূরত্বে সরিয়ে যাত্রীদের নামিয়ে আনা হয়েছে। প্রত্যেকেই নিরাপদে রয়েছেন বলে জানিয়েছে বিমান পরিবহণ সংস্থাটি।তিরুবনন্তপুরম বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, বৃহস্পতিবার সকাল ৭.৩০ মিনিট নাগাদ এয়ার ইন্ডিয়ার এআই৬৫৭ বিমানে বোমা রয়েছে বলে হুমকি দেওয়া হয়।

ভারত স্থায়ী শান্তির পক্ষে, আলোচনা ও কূটনীতিতে বিশ্বাসীঃপ্রধানমন্ত্রী



ওয়ারশ, ২২ আগস্ট ঃভারত স্থায়ী শান্তির পক্ষে, আলোচনা ও কূটনীতিতে বিশ্বাসী। ইউক্রেন সফরের আগে পোল্যান্ডে এই বার্তা দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভারতীয় সময় অনুযায়ী, বুধবার রাতে পোল্যান্ডের ওয়ারশে প্রবাসী ভারতীয়দের একটি অনুষ্ঠানে অংশ নিয়ে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, সহানুভূতি ভারতীযদের অন্যতম পরিচয়। যখনই কোনও দেশে কোনও সমস্যা দেখা দেয়, ভারতই প্রথম দেশ যারা সাহায্যের হাত বাড়িয়ে দেয়। যখন কোভিড এসেছিল, ভারত বলেছিল প্রথমে মানবতা, ভারত অন্যান্য দেশের নাগরিকদের সাহায্য করে, ভারত বুদ্ধের পরম্পরায় বিশ্বাস করে, তাই যুদ্ধে নয়, ভারত শান্তিতে বিশ্বাস করে। ভারত এই অঞ্চলে শান্তির প্রবক্তা এবং এটা স্পষ্ট করে যে এখন যুদ্ধের সময় নয়। চ্যালেঞ্জ মোকাবিলায় আমাদের একসঙ্গে থাকতে হবে...ভারত কূটনীতি ও সংলাপের ওপর জোর দেয়।পোল্যান্ডে বসবাসরত প্রবাসী ভারতীয়দের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, আপনারা ইউক্রেনে আটকে পড়া ভারতীয় পড়ুয়াদের সাহায্য করেছেন, আপনারা তাঁদের অনেক সাহায্য করেছেন...পোল্যান্ড সরকার ভারতীয় শিক্ষার্থীদের জন্য ভিসা নিষেধাজ্ঞা তুলে দিয়েছে। পোল্যান্ড আমাদের শিক্ষার্থীদের জন্য নিজেদের দরজা খুলে দিয়েছে। এখন আমি আপনাদের সবাইকে, পোল্যান্ড সরকার এবং জনগণকে, ১৪০ কোটি ভারতীয়দের পক্ষ থেকে অভিনন্দন জানাতে চাই। আমি আপনাদের সবাইকে প্রণাম জানাই।অন্যদিকে ওয়ারশে, সমস্ত দেশের সঙ্গে সমান ঘনিষ্ঠতা বজায় রাখা এই মুহূর্তে ভারতের কৌশল। পোল্যান্ডে বসবাসরত প্রবাসী ভারতীয়দের উদ্দেশ্যে এই বার্তা দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, ভারত ও পোল্যান্ড একটি সামাজিক নিরাপত্তা চুক্তিতে সম্মত হয়েছে। ভারতের দৃষ্টিভঙ্গি বিশ্বব্যাপী, ভারতের সংস্কৃতি বৈশ্বিক। আমাদের পূর্বপুরুষেরা আমাদের 'বসুধৈব কুটুম্বকম' মন্ত্র দিয়েছিলেন, আমরা সমগ্র বিশ্বকে একটি পরিবার হিসেবে বিবেচনা করি।ভারতীয় সময় অনুযায়ী, বুধবার রাতে পোল্যান্ডের ওয়ারশে প্রবাসী ভারতীয়দের একটি অনুষ্ঠানে অংশ নিয়ে প্রধানমন্ত্রী মোদী জোর দিয়ে বলেছেন, পোল্যান্ডের এক তৃতীয়াংশ জনসংখ্যার সমান মানুষ, প্রতিদিন ভারতে মেট্রোতে ভ্রমণ করে। ২০২৩ সালে বিশ্বব্যাপী প্রবৃদ্ধিতে ভারতের অবদান ছিল ১৬ শতাংশের বেশি...ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতি হতে খুব বেশি দূরে নয়। প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, গত দশকে, ব্রডব্যান্ড ব্যবহারকারীর সংখ্যা ৯৪০ মিলিয়নেরও বেশি হয়ে গিয়েছে, যা ইউরোপ এবং আমেরিকার জনসংখ্যা... ২ বছরের মধ্যে, আমরা ৫জি নেটওয়ার্ক ভারতের প্রতিটি জেলায় পৌঁছে দিয়েছি। এখন, আমরা কাজ করছি 'মেড ইন ইন্ডিয়া' ৬জি নেটওয়ার্কে।

দলীয় পতাকা ও প্রতীক উন্মোচন করলেন বিজয়, সমানাধিকারের ওপর জোর দিলেন তামিল অভিনেতা

চেন্নাই, ২২ আগস্ট ঃ তামিল অভিনেতা ও তামিলগা ভেত্রি কাজহাগাম (টিভিকে) দলের প্রধান বিজয় বৃহস্পতিবার চেন্নাইয়ের দলীয় কার্যালয় থেকে নিজস্ব দলের পতাকা ও প্রতীক উন্মোচন করেছেন। দলীয় পতাকা ও প্রতীক উন্মোচন করার পর সমানাধিকারের ওপর জোর দিয়েছেন তিনি। অভিনেতা তথা রাজনীতিক বিজয় বলেছেন, আমরা সর্বদা সেই সমস্ত সংগ্রামীদের প্রশংসা করব যারা আমাদের দেশের মুক্তির জন্য লড়াই করেছেন, নিজেদের জীবন উৎসর্গ করেছেন ও অগণিত সৈনিক যারা তামিল ভূমি থেকে আমাদের জনগণের অধিকারের জন্য অক্লান্ত লড়াই করেছেন। আমি জাতি, ধর্ম, জন্মস্থান, লিঙ্গের নামে পার্থক্য দূর করব।অভিনেতা বিজয় আরও বলেছেন, জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করা ও সবার জন্য সমান সুযোগ এবং সমান অধিকারের জন্য সংগ্রাম করব। আমি দৃঢ়তার সঙ্গে নিশ্চিত করছি, সমস্ত জীবের জন্য সমতার নীতিকে সমুন্নত রাখব। অভিনেতা বিজয় আরও বলেছেন, আমি জানি আপনারা সবাই আমাদের প্রথম জাতীয় সম্মেলনের জন্য অপেক্ষা করছেন। এ জন্য প্রস্তুতি চলছে এবং খুব শীঘ্রই আমি এই ঘোষণা করব। তার আগে আমি আজ আমাদের দলের পতাকা উন্মোচন করেছি। আমি খুব গর্বিত বোধ করছি... আমরা তামিলনাড়ুর উন্নয়নে একসঙ্গে কাজ করব।

অন্ধ্রপ্রদেশে ওষুধ কারখানায় বিস্ফোরণে মৃত্যু বেড়ে ১৮, শোকস্তব্ধ প্রধানমন্ত্রী মোদী

আনাকাপল্লী, ২২ আগস্ট ঃ অন্ধ্রপ্রদেশের আনাকাপল্লী জেলায় ওষুধ কারখানার বিস্ফোরণ এবং অগ্নিকাণ্ডে মৃতের সংখ্যা বেড়ে ১৮তে পৌঁছল। ওই ঘটনায় অন্তত ৪০ জন জখম হয়েছেন। আহতদের মধ্যে কয়েক জনের অবস্থা গুরুতর বলে প্রশাসন সূত্রের খবর। আনাকাপল্লীর কালেক্টর বিজয়া কৃষ্ণণ বলেছেন, অচ্যুতপুরম এসইজেডের একটি কোম্পানিতে বিস্ফোরণে মোট ১৭ জনের মৃত্যু হয়েছে। আনাকাপল্লী জেলার অচ্যুতপুরম বিশেষ অর্থনৈতিক অঞ্চলের (স্পেশাল ইকনমিক জোন বা এসইজেড) ওই বেসরকারি ওষুধ কারখানায় প্রায় হাজারখানেক কর্মী কাজ করেন। বুধবার দুপুর ২.১৫ মিনিট নাগাদ হঠাৎই প্রচণ্ড শব্দে কেঁপে ওঠে কারখানা সংলগ্ন এলাকা। বিস্ফোরণের পর পরই আগুন লেগে যায় কারখানায়। কালো ধোঁয়ায় ঢেকে যায় চারপাশ। জেলাশাসক বিজয় কৃষ্ণণ বলেন, ''ঘটনার খবর পেয়ে দমকলকর্মীরা ঘটনাস্থলে ছুটে যান।'' তাঁর দাবি, কয়েক ঘণ্টার চেষ্টায় আগুন অনেকটা নিয়ন্ত্রণে আসে।ওষুধ কারখানার বিস্ফোরণ এবং অগ্নিকাণ্ডে প্রাণহানির ঘটনায় গভীর শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী এখন পোল্যান্ডে রয়েছেন, সেখান থেকেই দুঃখপ্রকাশ করেছেন তিনি। পাশাপাশি নিহতদের পরিবারপিছু ২ লক্ষ টাকা করে আর্থিক ক্ষতিপূরণ দেওয়ার কথা ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী মোদী।

সমাজ পরিবর্তনের লক্ষ্যে পজেটিভ বার্তার আলোচনা সভা বর্ধমানে

ধনঞ্জয় বন্দ্যোপাধ্যায় গুসকরাঃ সমাজে পজেটিভ বার্তা ছড়িয়ে দিতে পজেটিভ বার্তা নামে সংবাদ আত্মপ্রকাশ করতে চলেছে। বর্ধমান লোক সংস্কৃতি মঞ্চে আত্মপ্রকাশের প্রথম ধাপের সুচনা হয়। সংস্থার কর্নধার মলয় পিট সভায় জানান পজেটিভ বার্তা সমাজে প্রচলিত সাধারণ নেগেটিভ সংবাদ জন্য অনেক সংবাদ মাধ্যম আছে। আমরা সমাজের গঠন মূলক দিক তুলে ধরতে চাই। ব্যক্তি সংগঠন সংস্থার উন্নয়ন মূলক গুন ভালো দিক সমাজে ছড়িয়ে দিতে হবে।যাতে ব্যক্তি সংস্থা সংগঠন সমাজ ভালো কাজের উৎসাহ পায়। তিনি ছাত্র ছাত্রীদের যুবক যুবতী নারী পুরুষদের ও জাতি ধর্ম নির্বিশেষে তাদের পজেটিভ দিক তুলে ধরার জন্য এই পজেটিভ বার্তা যোগ দেওয়ার আহ্বান জানান।মলয় পিট একজন উদ্যোগ পতি হিসেবে যতেষ্ট সুনাম অর্জন করতে সক্ষম হযেছেন। তাঁর প্রতিষ্ঠিত বৃত্তিমুলক অনেক গুলি কলেজ রয়েছে রাজ্যে ও রাজ্যের বাইরে। বোলপুরে একটি মেডিকেল কলেজ করেছেন যার কর্ণধার তিনি।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমান জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক রামশংকর মন্ডল বিশিষ্ট শিক্ষক সফিকুল ইসলাম হাসপাতাল এসোসিয়েশনের সভাপতি আলহাজ্ব উদ্দিন ইমাম এসোসিয়েশন কর্তা ব্যক্তিরা রাজ্য কেবল এসোসিয়েশনের সম্পাদক শংকর মন্ডল প্রমুখ ব্যক্তিগণ। সামনে ছিলেন বিভিন্ন সংবাদ মাধ্যমের প্রতিনিধি সাংবাদিকগণ ছাত্র ছাত্রী ও বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

গ্রেট অ্যাচিভমেন্ট এর জন্য প্রধান শিক্ষক মহাশয়কে অভিনন্দন জানিয়েছেন এস .আই. অফ স্কুল

বাঁকুড়া,২২আগষ্টঃঅ্যাচিভমেন্ট হল একটি প্রচেষ্টা সফলভাবে সম্পন্ন করা। বাঁকুড়া জেলার ওন্দা ব্লকের বাঁশডাঙ্গা জঙ্গলের পাশে মানডিহা গ্রাম। এই গ্রাম সংলগ্ন তালারপাড়া আদিবাসী পল্লী। আদিবাসী সমাজে শিক্ষার প্রসারের জন্য শিক্ষক মহাশয় দীর্ঘ ৭ বছর তালারপাড়া আদিবাসী সাক্ষরতা কেন্দ্রে স্বেচ্ছাসেবী প্রশিক্ষক হিসেবে কাজ করেছেন। নব সাক্ষর পড়ুয়াদের প্রাথমিক শিক্ষার জন্য গড়ে তোলা হয় ২০০১ সালে আদিবাসী পল্লীতে শিশু শিক্ষা কেন্দ্র।শিক্ষা ব্যতিরেকে সমাজ জীবনের অন্ধকার দূর হয় না। বিদ্যাসাগর মহাশয়ের এই বাণী কার্যকরী করার জন্য মদনমোহনপুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাননীয় মধুসূদন দে মহাশয় বিশেষভাবে সচেষ্ট হয়েছেন। দীর্ঘ আঃেদালন ও অক্লান্ত পরিশ্রমের ফলে ২০১১ সালে আদিবাসী অধ্যুষিত এলাকায় গড়ে তোলা হয় মানডিহা জুনিয়ার উচ্চ বিদ্যালয়। ১৮ ই জানুয়ারী ২০১৩ তারিখ গত শুক্রবার বেলা ১১ টায় মানডিহা জুনিয়ার উচ্চ বিদ্যালয়ের শুভ উদযাপন মুহূর্ত টি ইতিহাস সাক্ষী থেকে চিরস্মরণীয় হয়ে ওঠে শিক্ষক মহাশয়ের প্রচেষ্টায়।শহরের কোলাহল থেকে কিছু দূরে এক মনোরম পরিবেশ। এমন এক জায়গাতেই অবস্থান করছে মদনমোহনপুর প্রাথমিক বিদ্যালয়। ২০১৬ সালে বাঁকুড়া জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের আদেশ অনুযায়ী দায়িত্বে আছেন বর্তমান প্রধান শিক্ষক মধুসূদন দে মহাশয়। তিনি বিদ্যালয়ের সার্বিক উন্নয়নের জন্য একের পর এক পদক্ষেপ গ্রহণ করে চলেছেন। অবশেষে রাজ্য সমগ্র শিক্ষা মিশনমদনমোহনপুর প্রাথমিক বিদ্যালয় কে,শিশু মিত্র বিদ্যালয়.পুরস্কারদিয়ে বিদ্যালয় ও প্রধান শিক্ষক মহাশয়ের নিরলস কর্ম প্রচেষ্টা কে বিশেষভাবে সম্মানিত করেছে।

ঝাড়খণ্ডে একাধিক জায়গায় অভিযান চালয়ে ৭ জঙ্গি গ্রেফতার

রাঁচি, ২২ আগস্ট ঃ বড় সাফল্য পেল এটিএস। বৃহস্পতিবার সূত্র মারফত জানা গেছে, ঝাড়খণ্ডের ১৪টি জায়গায় অভিযান চালিয়ে জঙ্গি সংগঠন আলকায়দা ইন্ডিয়ান সাবকন্টি নেন্টএর ৭ জঙ্গিকে গ্রেফতার করেছে এটিএস।জানা যাচ্ছে, লোহারদাগার কায়রো, হাজারিবাগসহ ঝাড়খণ্ডের একাধিক জেলার ১৪টি জায়গায় অভিযান চালিয়ে এই জঙ্গিদের গ্রেফতার করে এটিএস। লোহারদাগা থেকে যাদের গ্রেফতার করা হয়েছে, সেইসব জঙ্গিদের কাছ থেকে অস্ত্রও উদ্ধার করা হয়েছে। জঙ্গিদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানা গেছে।

গভীর খাদে পড়ল বাস মৃত্যু ৬ জনের

লেহ, ২২ আগস্ট ঃলাদাখের লেহতে ২০০ মিটার গভীর খাদে পড়ে গেল যাত্রীবোঝাই একটি বাস। ভয়াবহ এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৬ জন যাত্রীর। এছাড়াও আহত হয়েছেন কমপক্ষে ২২ জন। ডিসি লেহ সন্তোষ সুখদেব বলেছেন, বৃহস্পতিবার লেহ থেকে পূর্ব লাদাখগামী একটি প্রাইভেট বাস ২০০ মিটার গভীর খাদে পড়ে গেলে

উত্তরপূর্বাঞ্চলে এখনই থামবে না বৃষ্টি

নয়াদিল্লি, ২২ আগস্ট ঃভারতের উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে এখনই থামবে না বৃষ্টি। উল্টে বৃষ্টির পরিমাণ আরও বাড়তে পারে। অসম, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম ও ত্রিপুরায় আগামী ২৫ আগস্ট পর্যন্ত ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)। এছাড়াও দেশের আরও কয়েকটি রাজ্যে বর্ষণসতর্কতা জারি করে আইএমডি।ভারতীয় আবহাওয়া দফতর জানিয়েছে, গুজরাটের বিভিন্ন অংশে ২৪-২৫ আগস্ট ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পূর্ব রাজস্থানে আগামী ২৫ আগস্ট ভারী বৃষ্টি হতে পারে। মধ্য মহারাষ্ট্রেও ২৫-২৬ আগস্ট ভারী বৃষ্টি প্রত্যাশিত। কোঙ্কন ও গোয়ায় ২৪-২৬ আগস্ট, বিদর্ভে ২৪-২৫ আগস্ট এবং মধ্যপ্রদেশে ২৪-২৫ আগস্ট ভারী বৃষ্টি হতে পারে। ছত্তিশগড়েও ২৫-২৬ আগস্ট বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে।

স্বাস্থ্য কর্মীদের ফের কাজে ফিরতে অনুরোধ সুপ্রিম কোর্টের, নিজের অতীতের গল্প শোনালেন প্রধান বিচারপতি

নয়াদিল্লি, ২২ আগস্ট ঃ কলকাতার আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় ক্ষোভে ফুঁসছে গোটা দেশ, আন্দোলনকর্মবিরতিতে রয়েছেন চিকিৎসকরা। এই পরিস্থিতিতে চিকিৎসকসহ স্বাস্থ্য কর্মীদের কাজে ফেরার অনুরোধ জানালো সুপ্রিম কোর্ট। বৃহস্পতিবার শুনানির সময় কর্মবিরতি ছেড়ে চিকিৎসকদের কাজে ফিরতে বললেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়। শোনালেন নিজের এক অতীত অভিজ্ঞতার কথা।সুপ্রিম কোর্ট বলেছে, চিকিৎসকরা কাজে না ফিরলে জনস্বাস্থ্য পরিকাঠামো কীভাবে চলবে? প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় নিজের একটি গল্প ভাগ করেছেন এবং বলেছেন, তিনি একবার একটি সরকারি হাস পাতালের মেঝেতে ঘুমিয়েছিলেন যখন তাঁর এক আত্মীয় অসুস্থ ছিলেন ও তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল।গত সোমবারের শুনানিতে আর জি কর হাসপাতালে মহিলা চিকিৎসককে খুন ও ধর্ষণের ঘটনায় সিবিআইয়ের কাছে তদন্তের অগ্রগতি সংক্রান্ত স্টেটাস রিপোর্ট চেয়েছিল শীর্ষ আদালত। ওই ঘটনায় তদন্ত কোন পর্যায়ে রয়েছে, কতটা এগিয়েছে তা জানতে চেয়েছিল সুপ্রিম কোর্ট। বৃহস্পতিবার তদন্তের অগ্রগতি সংক্রান্ত স্টেটাস রিপোর্ট জমা দেয় সিবিআই। প্রধান বিচারপতি বলেন, প্রথমে আমরা তদন্তের রিপোর্ট দেখব। তার পরে রাজ্যের গঠিত সিট নিয়ে আদালত বিবেচনা করবে। আর জি করে ভাঙচুরের ঘটনায় শীর্ষ আদালতে রিপোর্ট জমা দেয় রাজ্যও।আর জি করকাণ্ডে অভিযুক্তের মেডিক্যাল রিপোর্ট কোথায়, সিবিআইয়ের কাছে জানতে চাইলেন প্রধান বিচারপতি। জবাবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা জানায়, রাজ্য তাদের হাতে এটা দেয়নি। রাজ্যের আইনজীবী কপিল সিব্বল জানান, কেস ডায়েরির মধ্যে সব রয়েছে। সলিসিটর জেনারেল তুষার মেহতা বলেন, প্রথমে পরিবারকে বলা হয় আত্মহত্যা। পরে বলা হয় মৃত্যু। তখন সন্দেহ তৈরি হতে তার পর থেকে ভিডিওগ্রাফি করা হয়। তার পরেই প্রধান বিচারপতি ময়নাতদন্তের রিপোর্ট দেখতে চান।

রাষ্ট্রীয় বিজ্ঞান পুরস্কার প্রদান করলেন রাষ্ট্রপতি, চার বিজ্ঞানী পেলেন সম্মান

নয়াদিল্লি, ২২ আগস্ট ঃ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বৃহস্পতিবার রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রখ্যাত ও বিশিষ্ট বিজ্ঞানীদের রাষ্ট্রীয় বিজ্ঞান পুরস্কার - ২০২৪ প্রদান করেছেন। অধ্যাপক গোবিন্দ রাজন পদ্মনাভনকে রাষ্ট্রপতি কর্তৃক বিজ্ঞান রত্ন ২০২৪ পুরস্কার প্রদান করা হয়। ডঃ আনন্দরামকৃষ্ণণ কৃষি বিজ্ঞানের ক্ষেত্রে বিজ্ঞান শ্রী পুরস্কার পেয়েছেন।ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার, মুম্বই থেকে ডঃ আভেশ কুমার ত্যাগী পরমাণু শক্তির ক্ষেত্রে বিজ্ঞান শ্রী পুরস্কারে ভূষিত হয়েছেন। পুণের ইন্ডিযান ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ থেকে অধ্যাপক প্রফেসর জয়ন্ত ভালচন্দ্র উদগাঁওকর জীববিজ্ঞানে বিজ্ঞান শ্রী পুরস্কারে ভূষিত হয়েছেন।

লোকসভা নির্বাচনের সময় ইন্ডি জোট নরেন্দ্র মোদীর আস্থা নষ্ট করেছেঃরাহুল গান্ধী

শ্রীনগর, ২২ আগস্ট ঃ লোকসভা নির্বাচনের সময় ইন্ডি জোট নরেন্দ্র মোদীর আস্থা নষ্ট করেছে। দাবি করলেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী। বৃহস্পতিবার শ্রীনগরে কংগ্রেস কর্মীদের উদ্দেশ্যে রাহুল গান্ধী বলেছেন, নরেন্দ্র মোদী রাহুল গান্ধীর কাছে পরাজিত হননি বরং কংগ্রেস, ইন্ডি জোট, ভালবাসা, ঐক্য, শ্রদ্ধার আদর্শের কাছে পরাজিত হয়েছেন। আমি জম্মু ও কাশ্মীরের জনগণকে, যুব সমাজকে বলতে চাই, ঘৃণার বাজারে আমাদের ভালোবাসার দোকান খুলতে হবে। ভালোবাসা দিয়ে ঘৃণাকে পরাজিত করা যায় এবং একসঙ্গে আমরা ভালবাসা দিয়ে ঘৃণাকে পরাজিত করব।রাহুল গান্ধী আরও বলেছেন, আমি জম্মু ও কাশ্মীরের মানুষকে শুধু পছন্দ করি না, আমি তাঁদের ভালোবাসি। এটা অনেক পুরনো সম্পর্ক, রক্তের সম্পর্ক। জম্মু ও কাশ্মীরে যদি কেউ আত্মবিশ্বাস ও নির্ভয়ে কাজ করে থাকে, তবে সে কংগ্রেসের কর্মী। একটি জোট হবে (বিধানসভা নির্বাচনের জন্য) তবে তা হবে কংগ্রেস দলের কর্মীদের সম্মান বজায় রেখে।

মথুরায় জন্মাষ্টমীর প্রস্তুতি তুঙ্গে, নিরাপত্তায় কোনও খামতি রাখছে না পুলিশ-প্রশাসন

মথুরা, ২২ আগস্ট ঃ উত্তর প্রদেশের মথুরায় জন্মাষ্টমীর প্রস্তুতি তুঙ্গে, জন্মাষ্টমী উৎসবের প্রেক্ষিতে সুরক্ষায় কোনও খামতি রাখছে না পুলিশ ও প্রশাসন। সমগ্র মথুরাজুড়ে আঁটোসাঁটো করা হচ্ছে নিরাপত্তা। আগামী ২৬ আগস্ট শ্রীকৃষ্ণ জন্মাষ্টমী, সেই উপলক্ষ্যে প্রস্তুতি চলছে পুরোদমে।ইতিমধ্যেই পুলিশের শীর্ষ কর্তারা নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখেছেন। মথুরায় সাজিয়ে তোলা হয়েছে ভগবান শ্রীকৃষ্ণের মন্দির। এসএসপি শৈলেশ পান্ডে বলেছেন, শ্রীকৃষ্ণ জন্মাষ্টমীতে মথুরায় যে অনুষ্ঠান হয় সে জন্য প্রস্তুতি পুরোদমে চলছে। ব্যাপক আয়োজন করা হয়েছে। শ্রীকৃষ্ণ জন্মস্থানে একটি বড় অনুষ্ঠান হয়... লক্ষাধিক ভক্ত বৃন্দাবনের বাঁকে বিহারী মন্দির পরিদর্শনেও আসেন। সে জন্য ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হচ্ছে... শ্রী কৃষ্ণ জন্মস্থানের সমগ্র এলাকা ৩টি জোনে এবং ১৭টি সেক্টরে ভাগ করা হযেছে। আমরা ভক্তদের কাছে অনুরোধ করছি, পুলিশ প্রশাসনের করা ব্যবস্থা মেনে চলার জন্য এবং নিরাপত্তায় সহযোগিতা করার জন্য।

বিহারের ভোজপুরে ভয়াবহ দুর্ঘটনা

ভোজপুর, ২২ আগস্ট ঃ বিহারের ভোজপুর জেলায় ভয়াবহ এক গাড়ি দুর্ঘটনায় প্রাণ হারালেন ৫ জন। মৃতদের মধ্যে ৩ জন পুরুষ ও দু'জন মহিলা। এই দুর্ঘটনায় দু'জন গুরুতর আহত হয়েছেন। তাঁদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ জানিয়েছে, ভোজপুরের গজরাজগঞ্জ থানার অধীনে বিবিগঞ্জ ব্রিজের কাছে সড়ক দুর্ঘটনায় পাঁচজন মারা গিয়েছেন। ওই গাড়িতে ৭ জন ছিলেন, যাঁদের মধ্যে ৩ জন পুরুষ ও দু'জন মহিলা মারা গিয়েছে। সকাল সাড়ে ৫টা নাগাদ দুর্ঘটনাটি ঘটেছে।গাড়ির আরোহীরা বিন্ধ্যাচল থেকে আসছিলেন। নিহতরা সবাই দানাপুরের বাসিন্দা।

মেয়াদোত্তীর্ণ আটা রেশনে অভিযোগ

গুসকরা,২২আগষ্টঃগুসকরায় মেয়াদ উত্তীর্ণ আটা দেওয়া অভিযোগ রেশন দোকানে বিরুদ্ধে রেশনের ডিলার কোন ব্যক্তিগত নয় সমবায় সমিতি সমিতির। বেতন নেওয়ার পর গ্রাহকদের নজরে আসে আটার প্যাকেটে তারিখ আগেই বেরিয়ে গিয়েছে। গত১৪ই আগস্ট মেয়াদ শেষ হয়েছে আটা দেওয়া হচ্ছে তারপরে কুড়ি তারিখে নজর আসতেই এরা ওরা কবে পেটে পড়ে বিক্ষোভ দেখাতে শুরু করে কিছু সময় সমবায় সমিতি থেকে রেশন দেওয়া বন্ধ হয়। খাদ্য পরিদর্শকের কাছে অভিযোগ জানায় অভিযোগ কারিরা। আউশগ্রামে ১ বিডিও কামরুল ইসলাম খাদ্য দপ্তরের পরিদর্শকের কাছ থেকে রিপোর্ট চেয়েছেন। মঙ্গলবার কমলনগর এলাকায় গ্রাহকদের রেশন দেওয়া হচ্ছিল আটটা চাল দেওয়া হচ্ছিল অভিযোগ চালে পোকা রয়েছে এ চাল ব্যবহারযোগ্য খাবার যোগ্য নয় । সমবায় সমিতির এক কর্মী বলেন আমরা আটা পেয়েছি সেই আঁটাই দিচ্ছি তোরে সরকার থেকে যা দিয়েছে আমরা দিচ্ছি মেয়াদ শেষ হয়ে গেছে এটা আমরা নজরে আসেনি । বিক্ষোভকারীদের দাবি এই চাল আটা খেলে মানুষ অসুস্থ হয়ে পড়বে। কেন এই ধরনের মেয়াদ উত্তীর্ণ আটা দেওয়া হচ্ছে উর্দ্ধতন কর্তৃপক্ষ তদন্ত করে যথাযথ ব্যবস্থা নেওয়ার দাবি করে।অন্য ডিলারদের ক্ষোভ রয়েছে জানায়। আউশগ্রাম ১ খাদ্য পরিদর্শক উত্তম সরকার বিষয়টি খতিয়ে দেখা হবে বলে জানিয়েছেন।

পাশকুড়ার কলেজ গুলিতেও চলছে আর্জি কর কান্ড-এর প্রতিবাদ সভা

পাশকুড়া(পূর্বমেদিনীপুর),২২আগষ্টঃআর জি কর মেডিকেল কলেজের তিলোত্তমার সাথে যে অমানবিক অত্যাচার হয়েছিল তার প্রতিবাদে পূর্ব মেদিনীপুরের বিবেক জ্যোতি কলেজের শিক্ষার্থীরাও চুপ করে বসে না থেকে তিলোত্তমার অপরাধীদের শাস্তি চেয়ে রাস্তায় নেমেছে। গত মঙ্গলবার (২০.০৮.২৪) কলেজের ছাত্রছাত্রী, অধ্যক্ষ, অধ্যাপকঅধ্যাপিকা ও শিক্ষা কর্মীরা এই উপলক্ষে একটি মিছিল করেন। মিছিলে উপস্থিত সবার একটাই দাবি ছিল, অপরাধীদের দ্রুত চিহ্নিত করে যেন ফাঁসি দেওয়া হয়। কলেজের অধ্যক্ষ ড. সুমন্ত কুমার খাঁড়া এই প্রসঙ্গে বলেন যে, ছাত্রছাত্রীদের জন্য সত্যি গর্ব হয়। সমাজ পরিবর্তনের যেটুকু স্বপ্ন দেখি তা ওদের চোখ দিয়েই দেখি। তিলোত্তমার অপরাধীর সর্বোচ্চ শাস্তি হোক। আর সমাজে এই পরিবর্তনটুকু আসুক যেন আর কোনো মেয়েকে তার নামের পরিবর্তে তিলোত্তমা, অভয়া অথবা নির্ভয়া নামে ডাকতে না হয়।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

৫ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ, বৃহস্পতিবার, ইংরেজীঃ২২ আগষ্ট ২০২৪, ৫৩৮ চৈতনাব্দ, কলিঃ৫১২৫, সৌরঃ৬ ভাদ্র, চান্দ্রঃ১৮ ঋষিকেশ মাস, ১৯৪৬ শকাব্দ ২০৮১ বিক্রম সাম্বৎ, ২৫৬৮ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ৭ ভাদ্র ১৪৩১, ভারতীয় সিভিলঃ৩১ শ্রাবন ১৯৪৬, মৈতৈঃ১৮ হাবান, আসামঃ ৫ ভাদ, মুসলিমঃ১৬সফর১৪৪৬ হিজরী।সূর্য উদয়ঃসকাল ০৫ঃ১৮ঃ ৪২ এবং অস্তঃবিকাল ০৫ঃ৫৮ঃ ৫৪।চন্দ্র উদয়ঃসন্ধ্যা ০৭ঃ৫৯ঃ ৩৪(২২) এবং অস্তঃসকাল ০৮ঃ ৪৩ঃ৪৭(২৩)।কৃষ্ণ পক্ষ ।তিথিঃ তৃতীয়া (জয়া) বিকাল ঘ ০৫ঃ৪৫ঃ ২৪ দং ৩১৬৩০ পর্যন্তনক্ষত্রঃ উত্তরভাদ্রপদ সকাল ঘ ০৩ঃ০৫ঃ১২ দং ৫৪২৫১২.৫ পর্যন্ত পরে রেবতীকরণঃবিষ্টি বিকাল ঘ ০৫ঃ৪৫ঃ ২৪ দং ৩১৬৩০ পর্যন্ত পরে ববযোগঃ ধৃতি সন্ধ্যা ঘ ০৬ঃ৩০ঃ৪৪ দং ৩২৫৯৫০ পর্যন্ত পরে শূল অমৃতযোগঃরাত্রি ১২ঃ৪৬ঃ৫২ থেকে - ০৩ঃ০২ঃ৫০। মহেন্দ্রযোগ দিন ০৫ঃ১৮ঃ৪৮ থেকে - ০৭ঃ০০ঃ০৯ পর্যন্ত, তারপর ১০ঃ২২ঃ৫২ থেকে - ১২ঃ৫৪ঃ৫৫ পর্যন্ত। কুলিকবেলাঃদিন ০৯ঃ৩২ঃ১২ থেকে - ১০ঃ২২ঃ৫২ পর্যন্ত।কুলিকরাত্রিঃ০৯ঃ০০ঃ১৬ থেকে - ০৯ঃ৪৫ঃ৩৬ পর্যন্ত। কালবেলাঃদিন ০২ঃ৪৮ঃ৫৭ থেকে - ০৪ঃ২৩ঃ৫৮ পর্যন্ত। বারবেলাঃদিন ০৪ঃ২৩ঃ৫৮ থেকে - ০৫ঃ৫৮ঃ৫৯ পর্যন্ত।কালরাত্রিঃ১১ঃ৩৮ঃ৫৪ থেকে - ০১ঃ০৩ঃ৫২ পর্যন্ত।গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ৪৫২৭৪৯ (১০) ২ পদচন্দ্রঃ১১১৬৩৮১ (২৬) ৪ পদমঙ্গলঃ১২৫১৪৪৮ (৫) ১ পদবুধঃ৩২২৫৫৩৪ (৯) ২ পদবৃহস্পতিঃ১২৪৩৫১৮ (৫) ১ পদশুক্রঃ৪২৭২০৫ (১২) ১ পদশনিঃ১০১৯৫৪৫৩ (২৪) ৪ পদরাহুঃ১১১৬৩১৩৫ (২৬) ৪ পদকেতুঃ৫১৬৩১৩৫ (১৩) ২ পদশনি বক্রি।লগ্নঃসিংহ রাশি সকাল ০৭ঃ০৩ঃ৫২ পর্যন্ত। কন্যা রাশি সকাল ০৯ঃ১৪ঃ০৪ পর্যন্ত। তুলা রাশি সকাল ১১ঃ২৮ঃ১৪ পর্যন্ত। বৃশ্চিক রাশি দুপুর ০১ঃ৪৩ঃ৫৯ পর্যন্ত। ধনু রাশি দুপুর ০৩ঃ৪৯ঃ১৬ পর্যন্ত। মকর রাশি বিকাল ০৫ঃ৩৬ঃ১১ পর্যন্ত। কুম্ভ রাশি বিকাল ০৭ঃ০৯ঃ ৩৩ পর্যন্ত। মীন রাশি সন্ধ্যা ০৮ঃ ৪০ঃ৩৮ পর্যন্ত। মেষ রাশি রাত্র ১০ঃ ২১ঃ১২ পর্যন্ত। বৃষ রাশি রাত্রি ১২ঃ ১৯ঃ৩৪ পর্যন্ত। মিথুন রাশি শেষ রাত্রি ০২ঃ৩২ঃ৫৩ পর্যন্ত। কর্কট রাশি শেষ রাত্রি ০৪ঃ৪৮ঃ৩৬ পর্যন্ত।

আবহাওয়া

একনাগাড়ে বৃষ্টির সৌজন্যে দক্ষিণবঙ্গে বৃষ্টির ঘাটতি কমেছে অনেকটাই। তাপমাত্রাও মোটামুটি স্বস্তিদায়ক। দক্ষিণবঙ্গে আপাতত এই বৃষ্টিপাত চলবে, কোথাও কোথাও হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনাও রয়েছে। সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.২ ডিগ্রি সেলসিয়াস। সর্বনিম্ন ২৮.৪ ডিগ্রি সেলসিয়াস। আপেক্ষিক আর্দ্রতা ৮৯ শতকরা এবং ৬৭ শতকরা। জোয়ার-সকাল ৭ টা ৫৬ মিনিট এবং রাত ৯টা ২৫ মিনিট। ভাটা-বেলা ৩টা ৫০ মিনিট এবং রাত ২ টা ২০ মিনিট। সূর্যঃউদয় ৫টা ১৫ মিনিট এবং অস্ত যাবে ৬টা ১১মিনিট

রাশিফল

মেষ রাশিঃকর্মক্ষেত্রে কিছু সমস্যা দেখা দিলেও নিজের বুদ্ধিবলে উদ্ভূত সমস্যা থেকে বেরিয়ে আসতে পারবেন।

বৃষ রাশিঃ মানসিক চাপ থেকে দূরে থাকার চেষ্টা করুন। ব্যবসায়ীদের এই সময় বাড়তি চাপ থাকলেও পুরনো টাকা আদায়ের ফলে ব্যবসায় শ্রীবৃদ্ধি।

মিথুন রাশিঃবিবাদ-বিতর্ক এড়িয়ে চলুন। ব্যবসায়ীরা প্রতিযোগী ব্যবসায়ীর সঙ্গে সুসম্পর্ক বজায় রাখুন।

কর্কট রাশিঃসহকর্মীর উন্নতিকে ঈর্ষা না করে নিজের উন্নতির চেষ্টা করুন।

সিংহ রাশিঃসাফল্যের সম্ভাবনা। ছোটখাটো শারীরিক সমস্যায়ও অবশ্যই চিকিসকের পরামর্শ নেবেন।।

কন্যা রাশিঃরোগব্যাধি এই সপ্তাহে অল্পবিস্তর ভোগ করতে হবে। কর্মক্ষেত্রে গোপন শত্রুর কলকাঠিতে পদোন্নতি আটকে যেতে পারে।।

তুলারাশিঃকর্মপ্রার্থীরা ভালো খবর পাবেন। জীবনে উত্থান-পতন থাকলেও ক্রমান্বয়ে কাটিয়ে উঠতে পারবেন।

বৃশ্চিক রাশিঃকর্মক্ষেত্রে কিছু গোলযোগ থাকলেও আগামিদিনে মিটে যাওয়ার সম্ভাবনা।

ধনু রাশিঃ দিনটি আপনার অনুকূলে থাকবে। বহুদিন ধরে চলা কোনও মামলা-মোকদ্দমার ফল আপনার অনুকূলে আসতে পারে।

মকর রাশিঃগ্রহ সন্নিবেশ অনুযায়ী পারিবারিক কারণে অতিরিক্ত অর্থব্যয়ের সম্ভাবনা।

কুম্ভ রাশি ঃকর্মে উন্নতিলাভের যোগ লক্ষ্য করা যায়।।

মীন রাশিঃদিনটিতে কিছু পরিবর্তন লক্ষ করা যায়। বিবাহের যোগ আছে। বাড়িতে অতিথি আসবে।শুভ দিন।

বেলুড়ে অ্যাসিড হামলার শিকার তরুণী, এলাকায় ব্যাপক উত্তেজনা

দুরন্ত বার্তা, হাওড়া, ২২ আগস্টঃ আরজি কর-কাণ্ড নিয়ে দেশজুড়ে আলোড়নের মধ্যেই হাওড়ার বেলুড়ে অ্যাসিড হামলার শিকার হলেন এক তরুণী। বুধবার গভীর রাতে হাওড়ার বেলুড়ের ভোটবাগানে ওই ঘটনা ঘটে। বাড়িতে ঘুমিয়ে থাকা অবস্থায় ওই অ্যাসিড হামলায় গুরুতরভাবে দগ্ধ হন ওই তরুণী। অ্যাসিডে সামান্য জখম হন তাঁর মাও। তিনি মেয়ের পাশেই শুয়েছিলেন। ঘটনার তদন্ত শুরু করেছে বেলুড় থানার পুলিশ। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে ব্যক্তিগত কোনও আক্রোশ থেকেই এই হামলা ঘটে থাকতে পারে। রাত প্রায় দেড়টা নাগাদ ঘটনাটি ঘটে। রাতে ঘরের ভেতরে ৬ জন শুয়েছিলেন। ঘরের ভিতরে এয়ার পাশ করার জন্য কয়েকটি ঘুলঘুলি করা ছিল। রাতের অন্ধকারে সেই ঘুলঘুলি দিয়েই অ্যাসিড হামলা করা হয়। ঘটনার পর তরুণী ও তাঁর মাকে হাওড়া জেলা হাসপাতালে নিয়ে আসা হয়। মায়ের শারীরিক অবস্থা তেমন মারাত্মক না হলেও তরুণীকে হাসপাতালের বার্ন ইউনিটে ভর্তি করা হয়। জানা গেছে, কয়েক মাস পরেই ওই তরুণীর বিয়ের ঠিক হয়েছে। তার আগে কে বা কারা কেন এই হামলা করল তা নিয়ে তদন্ত শুরু হয়েছে। পুলিশ ঘটনাস্থল থেকে অ্যাসিডের বোতলটি বাজেয়াপ্ত করেছে। বালির বিধায়ক ড. রাণা চট্টোপাধ্যায় বলেন, ''আমি এই ঘটনা নিয়ে ইতিমধ্যেই বেলুড় থানার সঙ্গে কথা বলেছি। পুলিশকে উপযুক্ত ব্যবস্থা নিতে বলা হয়েছে। এই ঘটনা অত্যন্ত বেদনাদায়ক। এই মুহূর্তে তরুণী হাসপাতালে চিকিসাৎধীন রয়েছেন। যে কোনও নারী নির্যাতন এবং মহিলাদের উপর এই ধরনের অত্যাচারের ঘটনার আমরা তীব্র ধিক্কার জানাই। এই ঘটনা অত্যন্ত নিন্দনীয়, লজ্জাজনক এবং দুখঃজনক। পরিবারের অনেকে হাসপাতালে গিয়েছিলেন। তরুণী এখনো চিকিসাধীন রয়েছেন। আমি পরিবারের সঙ্গে কথা বলব। আইন আইনের পথে চলবে। অপরাধী ধরা পড়ুক এবং শাস্তি হোক এটাই আমরা চাই।'' তরুণীর পরিবারের এক সদস্যা বলেন, ''বাড়ির ছেলেরা খেয়েদেয়ে চলে গিয়েছিল। আমরাও শুয়ে পড়েছিলাম। এরপর দরজা বন্ধ করে দেওয়া হয়েছিল। বাড়ির ঘুলঘুলি দিয়ে অ্যাসিড ভেজানো কাপড় ঘরের ভিতর ছোঁড়া হয়। সেই কাপড় গিয়ে পড়ে সেখানেই শুয়ে থাকা তরুণীর মুখে। তিনি জখম হন। ঘরের চারদিক ধোঁয়ায় ভরে যায়। ওই সময় কিছু দেখা যাচ্ছিল না। ঘরে পরিবারের পাঁচজন ছিল। রাত প্রায় দেড়টা নাগাদ ঘটনাটি ঘটে। বিয়ের জন্য মেয়ের কথা চলছিল। ও প্রাইভেট টিউশন করত। অ্যাসিডে তার মুখ পুড়ে যায়।'' এদিকে, হাওড়া পুরনিগমের প্রশাসকমন্ডলীর সদস্য তথা প্রাক্তন কাউন্সিলর রিওয়াজ আহমেদ বলেন, ''রাতের ওই ঘটনা সত্যিই দুঃখজনক। এই ঘটনা কাঙ্খিত ছিলনা। ভোটবাগানে এমন ঘটনা প্রথম ঘটল। ওই তরুণী হাওড়া জেলা হাসপাতালে চিকিৎসাধীন। অ্যাসিড হামলার ঘটনার খবর পেয়ে সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে যাই। পুলিশকে খবর দেওয়া হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে আসে। পুলিশ তদন্ত করছে। আমরা চাই দোষীরা শাস্তি পাক।'' ঘটনাস্থল থেকে অ্যাসিডের বোতল পাওয়া গেছে। হাওড়া সিটি পুলিশের ডিসি নর্থ বিশপ সরকার বলেন, ''রাত প্রায় ১টা নাগাদ ঘটনাটি ঘটে। ওই সময় অ্যাসিড জাতীয় কিছু ঘরের ভেতর ছোঁড়া হয়। এই ঘটনায় এক তরুণী গুরুতর জখম হন। তাঁকে হাওড়া জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। জখম তরুণীর মা অল্প জখম হয়েছেন। পুলিশ তদন্ত শুরু করেছে। এখনও পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি।'' এদিকে, বিজেপির রাজ্য নেতা উমেশ রাই বলেন, ''হাওড়ার বেলুড় থানা এলাকায় যেভাবে ঘরের মধ্যে শুয়ে থাকা একজন তরুণীর উপর অ্যাসিড ফেলা হয়েছে তা অত্যন্ত নিন্দনীয়। আমাদের বুঝতে হবে মহিলারা কোথাও সুরক্ষিত নন। নিজের বাড়িতেও মেয়েরা সুরক্ষিত নন। এখানে ধর্ষণকারী ডাকাতদের কিছু হচ্ছে না, ছাড় পেয়ে যাচ্ছে। এই ঘটনার তদন্ত করে দোষীদের কঠোর শাস্তি দিতে হবে এই আমাদের দাবি। পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা একেবারে শেষ হয়ে গিয়েছে। মানুষ বাড়ির মধ্যে সুরক্ষিত নয়। এই ঘটনায় এলাকার মানুষ আতঙ্কিত।''

পড়ুয়াদের ক্যারাটে প্রশিক্ষনের ওপর জোর দেওয়া হচ্ছে

দুরন্ত বার্তা, বর্ধমান, ২২ আগস্ট ঃ জেলার সমস্ত কৃষককেই 'বাংলা শস্য বীমার' আওতায় আনতে উদ্যোগ নিলো পূর্ব বর্ধমান জেলা প্রশাসন। গত কয়েক বছর ধরেই চালু হয়েছে এই বীমা। কিন্তু এখনও জেলার বহু কৃষক এই বীমার আওতার বাইরে রয়েছেন বলে জেলা প্রশাসন সূত্রে খবর। প্রাকৃতিক দুর্যোগে ফসল নষ্ট হলে তারা ফসলের কোনরকম ক্ষতিপূরণ না পাওয়ার জন্য আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছেন। কৃষকরা শস্য বীমার আওতায় এসে কি কি সুযোগ সুবিধা পেতে পারেন সেই বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য একটি ট্যাবলোর উদ্বোধন করা হয় বৃহস্পতিবার। এই ট্যাবলোটি জেলা জুড়ে শস্য বীমা সম্বন্ধে প্রচার চালাবে। বৃহস্পতিবার 'বাংলা শস্য বীমা' যোজনার প্রচার ট্যাবলোর উদ্বোধন করেন পূর্ব বর্ধমান জেলাপরিষদের সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার। উপস্থিত ছিলেন সহ-সভাধিপতি গার্গী নাহা, কৃষি কর্মাধ্যক্ষ মেহেবুব মন্ডল সহ অন্যান্য জেলাপ্রশাসনের উচ্চ আধিকারিকরা। এদিন উদ্বোধন অনুষ্ঠান শেষে জেলাপরিষদের সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার জানান, একমাস ধরে গোটা জেলা জুড়েই ঘুরবে ট্যাবলো। কৃষকদের সচেতন করবে শস্য বীমা সম্পর্কে। এছাড়াও শস্য বীমা থেকে কৃষকরা কি কি সুবিধে পাবেন সেই বিষয়েও অবগত করবে কৃষকদের। এই ট্যাবলোই জেলার বিভিন্ন ব্লকে ব্লকে ঘুরবে। তিনি আরো জানান, বিভিন্ন সময় প্রাকৃতিক দুর্যোগের ফলে ফসলের ক্ষতি হয়, বীমা না থাকায় কৃষকদের আর্থিক সাহায্যে করা যায় না। কৃষকরা বীমার আওতায় থাকলে ক্ষতিপূরণ দেওয়া সম্ভব হয়। সরকারি উদ্যোগে এই বীমার কাজ চলছে। বহু কৃষক এখনো শস্য বীমা সম্পর্কে জানেন না, ফলে এলাকায় এলাকায় এই ট্যাবলো ঘুরলে যারা জানেন না তারাও জানতে পারবেন শস্য বীমা সম্পর্কে বলে দাবী করেন সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার।

সুন্দরবনে ১০ রকমের নটের বীজের ওপর হাতে কলমে কৃষকদের নিয়ে প্রশিক্ষণ শিবির হল কুলতলিতে

দুরন্ত বার্তা, কুলতলি, ২২ আগস্ট ঃ সুন্দরবনে ধানের পাশাপাশি লবন সহনশীল বিকল্প চাষে কৃষকদের পাশে এগিয়ে এলো কয়েকটি সংস্থা। হারিয়ে যাওয়া নটে শাকের বীজের ১০ রকম প্রজাতির বীজ নিয়ে পরীক্ষা মূলক চাষের কাজ চলছে সুন্দরবনের কুলতলি ও বাসন্তী ব্লকে। আর নটে শাকের এই ১০ রকম প্রজাতির মধ্যে কোন কোন প্রজাতির চাষ সুন্দরবনে ভালো হতে পারে তা নিয়ে পরীক্ষা মূলক কাজ ও শুরু করেছে নিমপীঠ লোকমাতা রাণী রাসমণি মিশন। তাঁরা হায়দ্রাবাদের ওয়াসান নামে একটি সংস্থা ও বাসন্তীর চম্পা মহিলা সোসাইটির সহায়তায় এই কাজ শুরু করেছে সুন্দরবনের দুটি ব্লকে । আর শুক্রবার এই সংস্থাগুলির উদ্যোগে সুন্দরবনের কুলতলি ব্লকের মৈপীঠ ভুবনেশ্বরী গ্রাম পঞ্চায়েতের পূর্ব মধ্য গুড়গুড়িয়ার বহমুখী ঘূর্ণিঝড় আশ্রয় কেঃদ্রে ৫০ জন কৃষকদের নিয়ে নটে শাকের ভ্যারাইটি বীজের ওপর একটি প্রশিক্ষন শিবির হয়ে গেল। যাতে সুন্দরবনের বাসন্তী ও কুলতলি ব্লক থেকে বহু পুরুষ ও মহিলা কৃষক অংশ নেন। এদিন এই শিবিরে নটে শাকের বিষয়ে কৃষকদের কাছে বিস্তারিত আলোকপাত করেন নরেন্দ্রপুর শ্রী রামকৃষ্ণ আশ্রমের কৃষি শস্য বিশেষজ্ঞ সুকোমল সরকার, গবেষক অনণ্য ধর, হায়দ্রাবাদের ওয়াসন সংস্থার সদস্য শুভদীপ মন্ডল, নিমপীঠ লোকমাতা রানী রাসমণি মিশনের সদস্য দেবী প্রসাদ রায়, মৃণাল সামন্ত, অশোক হালদার সহ আরো অনেকে। এদিন এই চাষ কিভাবে করতে হবে, কি ভাবে মাটির যত্ন নিতে হবে, কতটা পরিমাণ জৈব সার দিতে হবে, রোগ পোকার হাত থেকে কিভাবে ফসল কে রক্ষা করতে হবে তাঁর ওপর বিশদে আলোচনা করা হয়। তা ছাড়া এদিন এই এলাকায় নটে শাকের জমিতে গিয়ে কৃষকরা

কোন প্রজাতির নটে শাখের গ্রোথ এসেছে অর্থাৎ কোন প্রজাতির নটে শাকের চাষ এই এলাকায় করা উচিত তাঁর ওপর তাদের অভিমত প্রকাশ করেন। চিহ্নিত করেন সেই সব গাছ কে। এইব্যাপারে এদিন কৃষি বিশেষজ্ঞ সুকোমল সরকার বলেন, গুরুত্বহীন হয়ে যাওয়া এই ধরনের চাষের প্রতি চাষিদের আগ্রহ বাড়াতে এবং নটে শাকের প্রতি কৃষকদের আরো বেশি করে সচেতন করতে হাতে কলমে একটি প্রশিক্ষন শিবির হয়ে গেল।সম্পূর্ণ জৈব উপায়ে এই চাষ করা হচ্ছে বলে এদিন জানালেন লোকমাতা রানী রাসমণি মিশনের সদস্য মৃণাল সামন্ত। তিনি বলেন, আমি আমার জমিতে হারিয়ে যাওয়া এই নটে শাকের ১০ রকম প্রজাতির চাষ করেছি। কিছু গাছে অতিরিক্ত বৃষ্টিতে রোগপোকার আক্রমন হয়েছে। তবে রোগ পোকার হাত থেকে নটে শাকের ফলন বাঁচাতে ও এই ধরনের চাষকে ব্যবসায়িক ভাবে চাষ করে কত বেশি মুনাফা আসতে পারে সে দিকে নজর দেওয়া হচ্ছে। লবণ সহন শীল সুন্দরবনে বিকল্প এই চাষের মাধ্যমে কর্মসংস্থান আরও মজবুত হতে পারে বলে মনে করেন কৃষি বিশেষজ্ঞরা।

বেচারাম মান্নার নেতৃত্বে বেশ কিছু সাবওয়ের দাবিতে অবস্থান-বিক্ষোভ ধর্ণা ও গণস্বাক্ষর কর্মসূচি

দুরন্ত বার্তা, মালদা, ২২ আগস্ট ঃ বৃহস্পতিবার সিঙ্গুর বিধানসভার অন্তর্গত চন্ডীতলা ২নং ব্লকের পাঁচঘড়া অঞ্চলের উপর হাওড়া বর্ধমানের কর্ডলাইনের উপর অন্তর্গত ১৬ নম্বর ও ১৭ নম্বর ২০ নম্বর রেলগেট। উপরোক্ত রেললাইনগুলোর ওপর উড়ালপুল অথবা সাবওয়ের দাবিতে ১৬ নম্বর ও ২০ নম্বর রেলগেটের ওপরে বৃহস্পতিবার ইং ২২।০৮। ২৪ তারিখ সকাল ৯ টা থেকে বিকেল ৫টা পর্যন্ত অবস্থান বিক্ষোভ ও গন সাক্ষর অভিযান তৃণমূল কংগ্রেসের নেতৃত্বে কুড়িটি গ্রামের মানুষকে নিয়ে আন্দোলন চলছে। আগে রেলমন্ত্রীসহ পূর্ব রেলের জেনারেল ম্যানেজার হাওড়া ডিভিশনের (ডিআরএম) ম্যানেজার কে বিভিন্ন সময়ে আবেদন নিবেদন করা হয়েছে কিন্তু রেল কোনরূপ ব্যবস্থা গ্রহণ করিনি। বৃহস্পতিবার দুটি জায়গায় অবস্থান বিক্ষোভ ও গণস্বাক্ষর অভিযান এবং আন্দোলন চলছে এই কর্মসূচিতে বিপুল সাড়া মিলেছে। এই কর্মসূচির নেতৃত্বে মন্ত্রী শ্রী বেচারাম মান্না, ডাঃ অলীক আদক, জয়দেব রক্ষিত পঞ্চায়েত সমিতির সভাপতি ও সহ সভাপতি শ্রীকুমার কুমুদ দাস জেলা পরিষদের সদস্য শ্রী দাশগুপ্ত (সেন) পাঁচঘড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান, সঞ্চালক, সদস্য ও সদস্যগণ। এই প্রসঙ্গে মন্ত্রী বেচারাম মান্না বললেন আমরা এই আন্দোলন বিক্ষোভ করতে বাধ্য হয়েছি তার কারণ বিশেষ কিছু রেলগেট আছে সেখানে সাবওয়ে নেই যেমন পাঁচঘড়া দুটো রেলগেট বেগমপুর এ রেলগেট সিঙ্গুরের শ্যামপুরের রেলগেট এইসব রেলগেট সাবওয়ে তৈরি করার জন্য অনেকদিন আগেই আমরা রেলগেটের সমস্যার জন্য রেলকে জানিয়েছিলাম। ডিআরএমকে বলেছিলাম জেনারেল ম্যানেজার কে বলেছিলাম। যেটা পূর্ব রেল এছাড়া রেলবোর্ড কেও বলেছিলাম। কিন্তু তারা কোন সাড়া দেয়নি। অথচ এই রেলগেট গুলি অতি গুরুত্বপূর্ণ একবার গেট পড়লে ৪০ মিনিট ৪৫ মিনিট রোগী নিয়ে অ্যাম্বুলেন্স আটকে থাকে ছাত্রছাত্রীরা পরীক্ষার হলে দেরিতে পৌঁছায় সেইসব জানিয়ে রেলকে আমরা বার্তা দিয়েছিলাম রেল শুনেও শোনেনি কোন সাড়া দেয়নি অবশেষে আবারো সাধারণ মানুষকে পাশে নিয়ে আমরা সাবওয়ে ও ওভারব্রিজেরদাবিতে এই আন্দোলন ধর্ণা বিক্ষোভ চলছে সারাদিন ধরে এতে কাজ না হলে ভবিষ্যতে আন্দোলন বাড়তে পারে এবং জনগণের গনস্বাক্ষর নেওয়া হচ্ছে।

নিরাপত্তা বাড়ছে মালদা মেডিকেলে

দুরন্ত বার্তা, মালদা, ২২ আগস্ট ঃ আরজিকর হাসপাতালে ঘটনার জের এবার নিরাপত্তা বাড়ছে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে । ইতিমধ্যে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে নিরাপত্তা ব্যবস্থা আরো



জোরদার করতে অতিরিক্ত সিসিটিভি বসানোর পরিকল্পনা নিয়েছে মেডিকেল কর্তৃপক্ষ। পাশাপাশি মালদা মেডিকেল কলেজ হাসপাতালের পুরনো সিসিটিভি ক্যামেরা গুলি সংস্কার করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। নতুন করে নিরাপত্তা রক্ষী নিয়োগ করা না হলেও হাসপাতাল চত্বরের অতিরিক্ত জায়গায় মোতায়েন করা হচ্ছে নিরাপত্তা রক্ষীদের। ইতিমধ্যে মালদা মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষ ও জেলা প্রশাসনের কর্তারা ঘুরে দেখেছেন মালদা মেডিকেল কলেজ হাসপাতাল চত্বর। ইতিমধ্যে মালদা মেডিকেল কলেজ হাসপাতালের নিরাপত্তা ব্যবস্থা ঢেলে সাজাতে আরো পাঁচ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। সেই টাকায় নতুন সিসিটিভি ক্যামেরা বসানো সহ পুরনো সিসিটিভি ক্যামেরা সংস্কার করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

পূর্ব রেলওয়ে

টেন্ডার নোটিস নংঃ এসজি টেন্ডার/ডিওয়াইসিপিএম/এসএনটি/এসডিএইচ/০১ তারিখ ঃ ২১.০৮.২০২৪। ডেপুটি চিফ প্রোজেক্ট ম্যানেজার, গতিশক্তি ইউনিট, সিগন্যাল অ্যান্ড টেলিকম, শিয়ালদহ, রিমোট কন্ট্রোল বিল্ডিং, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, কলকাতা-৭০০০১৪ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে ঃ **টেন্ডার নং. ডিসিপিএম-জিএস-এসএনটি-এসডিএইচ-০১-২৪-২৫। স্থান সহ কাজের নাম ঃ** পূর্ব রেলওয়ের শিয়ালদহ ডিভিসনে আনুষঙ্গিক সুবিধাবলি সহ চিৎপুর (কলকাতা স্টেশন) এবং লাগোয়া স্টেশনগুলি যেমন দমদম জংশন স্টেশনে কোচিং ডিপোর জন্য ক্যাটওয়াক সমেত বিদ্যমান পিট লাইন নং. ১,২,৩ এবং ৪-এর সম্প্রসারণের পরিপ্রেক্ষিতে সিগন্যালিং-এর কাজ । **টেন্ডার মূল্য ঃ** ১,৩২,৮৫,৫৫৯.৯৪ টাকা **টেন্ডার নথির মূল্যঃ** শূন্য। **প্রদেয় বায়না অর্থ/দরপ্রস্তাব জামিন ঃ** ২,১৬,৪০০.০০ টাকা। **কাজ সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ০৬ মাস। **টেন্ডার দাখিল শুরুর তারিখ ঃ** ০২.০৯.২০২৪, **টেন্ডার দাখিলের শেষ তারিখ ঃ** ১৬.০৯.২০২৪ তারিখ বিকেল ৩টে। **টেন্ডার দরপ্রস্তাব খোলার তারিখ ঃ** ১৬.০৯.২০২৪ তারিখ বিকেল ৩টে ৩০ মিনিটে। বিশদ পাওয়া যাবে **www.ireps.gov.in**-এ। **প্রযুক্তিগত যোগ্যতা শর্তাবলী ঃ** যে মাসে টেন্ডার আহ্বান করা হচ্ছে, তার আগের মাসের শেষ দিন থেকে বিগত ০৭ (সাত) বছরের মধ্যে টেন্ডারদাতাকে নিম্নলিখিত ধরনের কাজ (সমূহ) সফলভাবে বা অধিকাংশভাবে অবশ্যই সম্পন্ন করে থাকতে হবে। (১) টেন্ডারের বিজ্ঞাপিত মূল্যের ৩০ শতাংশের চেয়ে কম নয় এরূপ মূল্যের অন্তত তিনটি সমতুল ধরনের কাজ, অথবা (২) টেন্ডারের বিজ্ঞাপিত মূল্যের ৪০ শতাংশের চেয়ে কম নয় এরূপ মূল্যের অন্তত দুটি সমতুল ধরনের কাজ অথবা (৩) টেন্ডারের বিজ্ঞাপিত মূল্যের ৬০ শতাংশের চেয়ে কম নয় এরূপ মূল্যের অন্তত একটি সমতুল ধরনের কাজ। **অর্থনৈতিক যোগ্যতা শর্তাবলি ঃ** টেন্ডারদাতার ন্যূনতম গড় বার্ষিক চুক্তিভিত্তিক টার্নওভার ভি/এন অথবা 'ভি'-এর মধ্যে যেটি কম তা হওয়া আবশ্যিক, যেখানে 'ভি' কোটি টাকায় টেন্ডারের বিজাপিত মূল্যঃ 'এন' কাজটি সম্পূর্ণ করার জন্য প্রয়োজনীয় বছর সংখ্যা যার জন্য প্রস্তাব আহ্বান করা হয়েছে। অডিট করা ব্যালান্স শিট অনুযায়ী, পূর্বের তিনটি আর্থিক বছরের "মোট চুক্তিভিত্তিক প্রদত্ত অর্থের" গড় হিসাব করে গড় চুক্তিভিত্তিক বার্ষিক আয় নির্ণয় করা হবে। যদি, পূর্ববর্তী বছরের ব্যালান্স শিট প্রস্তুত/অডিট করা না হয়ে থাকে তাহলে পূর্ববর্তী চতুর্থ বছরের অডিট করা ব্যালান্স শিটে প্রাপ্ত অঙ্ক সংখ্যা গড় চুক্তিভিত্তিক বার্ষিক আয় নির্ণয়ে ব্যবহার করা হবে। টেন্ডারদাতাগণকে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট দ্বারা শংসাপত্র প্রদত্ত হয়েছে এরূপ নিরীক্ষিত ব্যালান্স শিট/ব্যালান্স শিটের সঙ্গে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট-এর সমর্থন করা শংসাপত্র, সেই সঙ্গে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট জিসিসি ২০২২-এর অ্যানেক্সার-VI অনুসারে প্রয়োজনীয় সকল তথ্যাদি (বর্তমান টেন্ডার নথির ফর্ম-৬) দাখিল করতে হবে। **অন্যান্য দাখিল যোগ্য নথিপত্রাদি ঃ** টেন্ডার নথিতে যেমন উল্লেখ করা হয়েছে। **সমতুল ধরনের কাজ ঃ** যে কোনো ধরনের প্যানেল ইন্টারলকিং কাজ (ইনডোর অথবা ইনডোর + আউটডোর)/রুট রিলে ইন্টারলকিং কাজ (ইনডোর অথবা ইনডোর আউটডোর)/ ইলেকট্রনিক ইন্টারলকিং কাজ (ইনডোর অথবা ইনডোর আউটডোর) অথবা আরডিএসও স্বীকৃত নির্মাণ এই টেন্ডারের ক্ষেত্রে সমতুল ধরনের কাজ বলে বিবেচিত হবে। **দ্রষ্টব্য ঃ** টেন্ডারদাতা টেন্ডার নথিতে উল্লিখিত যোগ্যতা শর্তাবলি পূরণে তাঁর দাবির স্বপক্ষে টেন্ডার প্রস্তাবের সঙ্গে নথিপত্রাদি দাখিল করবেন। নথির/শংসাপত্রের কপি-র প্রতি পৃষ্ঠায়, যা টেন্ডারদাতা বা টেন্ডারদানকারী সংস্থার অনুমোদিত প্রতিনিধি কর্তৃক স্বপ্রত্যতি বা ডিজিটাল পদ্ধতিতে স্বাক্ষরিত হতে হবে, স্বাক্ষর, স্ট্যাম্প এবং তারিখ থাকতে হবে (প্রতিটি পৃষ্ঠায়)।

(SDAH-162/2024-25)

ওয়েবসাইট **www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in**-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন @EasternRailway @easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার নোটিস নং ঃ এমসি-ডব্লুসি-টয়লেট-কমপ্লেক্স-এসডিএএইচ-২০২৪, তারিখ ১৩.০৮.২০২৪। সিনি. ডিভিসনাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ার, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, রুম নং.৪২, ২য় তল, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, কলকাতা-৭০০০১৪ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য যথেষ্ট অভিজ্ঞতা এবং আর্থিক সঙ্গতিসম্পন্ন প্রখ্যাত ঠিকাদারদের নিকট থেকে নির্ধারিত টেন্ডার ফর্মে "সিঙ্গল প্যাকেট পদ্ধতিতে" সিল করা ওপেন টেন্ডার আহ্বান করছেন। **কাজের নাম/বিবরণঃ** এনসিসি/ইয়ার্ড শিয়ালদহডিপোতে শৌচাগার চত্বর (টয়লেট কমপ্লেক্স)-এর উন্নয়ন। **টেন্ডার মূল্য ঃ** ৪৬,৬১,০০০ টাকা। **দরপ্রস্তাব জামিন ঃ** ৯৩,২০০ টাকা। **চুক্তির মেয়াদ (মাসে)ঃ** ৬ (ছয়) মাস। **দরপ্রস্তাব প্রদান শুরুর তারিখ ঃ** ২১.০৮.২০২৪। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ০৪.০৯.২০২৪ তারিখ বিকেল ৩টে। **টেন্ডার খোলার তারিখ ও সময়ঃ** ০৪.০৯.২০২৪ তারিখ বিকেল ৩টে। ই-টেন্ডার বিজ্ঞপ্তি এবং কাজের যোগ্যতা শর্তাবলিসহ টেন্ডার নথি **www.ireps.gov.in** (ওয়েবসাইট ইউআরএল) থেকে দেখা ও ডাউনলোড করা যাবে। **হাতে হাতে দাখিল করা কোনো দরপ্রস্তাব গৃহীত হবে না।**

(SDAH-158/2024-25)

টেন্ডার বিজ্ঞপ্তি www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in ওয়েবসাইট-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন @EasternRailway @easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

টেন্ডার নোটিস নং ঃ ২২২-এস/১/ডব্লু-II, তারিখ ১৯.০৮.২০২৪। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, রিমোট কন্ট্রোল বিল্ডিং, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, শিয়ালদহ, কলকাতা-৭০০০১৪ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য অনলাইনে ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। **টেন্ডার নং ঃ টিএন-১৩৪-২৪-২৫। কাজের নামঃ** পূর্ব রেলওয়ের শিয়ালদহ ডিভিসনে বেলঘরিয়া, সোদপুর, ব্যারাকপুর, বিরাটি, মধ্যমগ্রাম এবং বারাসাতে বিদ্যমান রোড ও ওভারব্রিজের আনুপূর্বিক সংস্কার ও মেরামতি। **টেন্ডার মূল্য ঃ** ৫,৯৬,০৫,৭৫৭ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ৪,৪৮,০০০ টাকা। **টেন্ডার ফর্মের মূল্য ঃ** শূন্য। **কাজ সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১২ (বারো) মাস। **টেন্ডার বন্ধের তারিখ ও সময়ঃ** ১৩.০৯.২০২৪ তারিখ বিকেল ৩টে। **টেন্ডার খোলার তারিখ ও সময়ঃ** ১৩.০৯.২০২৪ তারিখ বিকেল ৩টে ৩০ মিনিটে। টেন্ডার নথি ও অন্যান্য বিশদ **www.ireps.gov.in** -এ পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে ই-টেন্ডারিং পদ্ধতিতে টেন্ডারের দরপ্রস্তাব দাখিল করতে হবে। হাতে হাতে দাখিল করা প্রস্তাব সরাসরি বাতিল বলে গণ্য হবে। ভারতীয় রেলওয়ের স্ট্যান্ডার্ড জেনারেল কন্ডিশনস অফ কনট্র্যাক্ট ২০২২ অনুসারে ই-টেন্ডার ফর্মের মূল্য শূন্য। (SDAH-153/2024-25)

টেন্ডার বিজ্ঞপ্তি www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in ওয়েবসাইট-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন @EasternRailway @easternrailwayheadquarter

MOHIARY-II GRAM PANCHAYAT
Ankurhati, Domjur, Howrah
Notice Inviting e-Tender

NIT/MGP-II/1/2024, NIT/MGP-II/2/2024, NIT/MGP-II/3/2024, NIT/MGP-II/4/2024 dated - 23.08.2024
Last submission date - 29/8/2024 at 2 PM for further details - www.wbtenders.gov.in.

Sd/-
Prodhan
Mohiary-II Gram Panchayat.

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার নোটিস নং ঃ এমসি-ডব্লুসি-টয়লেট-কমপ্লেক্স-সিপি-২০২৪, তারিখ ১৩.০৮.২০২৪। সিনি. ডিভিসনাল মেকানিকাল ইঞ্জিনিয়ার, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, রুম নং.৪২, ২য় তল, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, কলকাতা-৭০০০১৪ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য যথেষ্ট অভিজ্ঞতা এবং আর্থিক সঙ্গতিসম্পন্ন প্রখ্যাত ঠিকাদারদের নিকট থেকে নির্ধারিত টেন্ডার ফর্মে "সিঙ্গল প্যাকেট পদ্ধতিতে" সিল করা ওপেন টেন্ডার আহ্বান করছেন। **কাজের নাম/বিবরণঃ** চিৎপুর ডিপোতে স্টাফদের জন্য পুরুষ ও মহিলাদের আধুনিক টয়লেট কমপ্লেক্স বা শৌচাগার চত্বরের উন্নয়ন। **টেন্ডার মূল্য ঃ** ৪৪,২৫,০০০ টাকা। **দরপ্রস্তাব জামিন ঃ** ৮৮,৫০০ টাকা। **চুক্তির মেয়াদ (মাসে) ঃ** ৬ (ছয়) মাস। **দরপ্রস্তাব প্রদান শুরুর তারিখ ঃ** ২১.০৮.২০২৪। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ০৪.০৯.২০২৪ তারিখ বিকেল ৩টে। **টেন্ডার খোলার তারিখ ও সময়ঃ** ০৪.০৯.২০২৪ তারিখ বিকেল ৩টে। ই-টেন্ডার বিজ্ঞপ্তি এবং কাজের যোগ্যতা শর্তাবলিসহ টেন্ডার নথি **www.ireps.gov.in** (ওয়েবসাইট ইউআরএল) থেকে দেখা ও ডাউনলোড করা যাবে। **হাতে হাতে দাখিল করা কোনো দরপ্রস্তাব গৃহীত হবে না।**

(SDAH-157/2024-25)

টেন্ডার বিজ্ঞপ্তি www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in ওয়েবসাইট-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন @EasternRailway @easternrailwayheadquarter

নাম পরিবর্তন

আমি জগন্নাথ ভৌমিক, পিতা জগদীশ ভৌমিক, সাং নাতশাল বৈদ্যনাথচক, গেঁওখালি, পূর্ব মেদিনীপুর, আমার ড্রাইভিং লাইসেন্স নং **WB2920160127531** পিতার নাম জগদীশ চন্দ্র ভৌমিক হইয়াছে। ২০।৮।২০২৪ তারিখের আলিপুর ১ ম শ্রেণী জুডিশিয়াল ম্যাজেস্ট্রেটের এফিডেভিট বলে জগদীশ ভৌমিক ও জগদীশ চন্দ্র ভৌমিক একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছে।

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার নোটিস নং ঃ এমসি-ডব্লুসি-সেক-আরইসি-২০২৪, তারিখ ১২.০৮.২০২৪। সিনি. ডিভিসনাল মেকানিকাল ইঞ্জিনিয়ার, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, রুম নং. ৪২, ২য় তল, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, কলকাতা-৭০০০১৪ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য যথেষ্ট অভিজ্ঞতা এবং আর্থিক সঙ্গতিসম্পন্ন প্রখ্যাত ঠিকাদারদের নিকট থেকে নির্ধারিত টেন্ডার ফর্মে "সিঙ্গল প্যাকেট পদ্ধতিতে" সিল করা ওপেন টেন্ডার আহ্বান করছেন। **কাজের নাম/বিবরণঃ** দুই বছরের জন্য গ্রসি চেয়ার কার-এর হেলান দেওয়ার পদ্ধতির মেরামত। **টেন্ডার মূল্য ঃ** ১৭,১৪,৫২৪.৯০ টাকা। **বায়না অর্থ ঃ** ৩৪,৩০০.০০ টাকা। **টেন্ডার নথির মূল্যঃ** ৩,০০০ টাকা। **চুক্তির মেয়াদ (মাসে) ঃ** ২৪ (চব্বিশ) মাস। **দরপ্রস্তাব প্রদান শুরুর তারিখ ঃ** ২০.০৮.২০২৪। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ০৩.০৯.২০২৪ তারিখ দুপুর ১২টা। **টেন্ডার খোলার তারিখ ও সময়ঃ** ০৩.০৯.২০২৪ তারিখ দুপুর ১২টা। ই-টেন্ডার বিজ্ঞপ্তি এবং কাজের যোগ্যতা শর্তাবলিসহ টেন্ডার নথি **www.ireps.gov.in** (ওয়েবসাইট ইউআরএল) থেকে দেখা ও ডাউনলোড করা যাবে। **হাতে হাতে দাখিল করা কোনো দরপ্রস্তাব গৃহীত হবে না।**

(SDAH-160/2024-25)

টেন্ডার বিজ্ঞপ্তি www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in ওয়েবসাইট-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন @EasternRailway @easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

ই-নিলাম বিজ্ঞপ্তি

নং. সিওএম/পার্সেল/লিজিং/লংটার্ম ই-অক/এইচডব্লুএইচ/পিটি-II। তারিখ ঃ ২০.০৮.২০২৪। হাওড়া ডিভিসন থেকে যাত্রাকারী ০৩টি যাত্রীবাহী ট্রেনের ০৫টি এসএলআর-এর পার্সেল স্পেস লিজ দেওয়ার জন্য নিলাম আহ্বায়ক বিজ্ঞপ্তি। সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া ডিভিসন, ৫ম তল, রেল যাত্রী নিবাস বিল্ডিং, হাওড়া স্টেশনের নিকটে, হাওড়া-৭১১১০১ কর্তৃক আইআরইপিএস ওয়েবসাইটের ই-অকশন মডিউলের মাধ্যমে **দুই** বছরের জন্য হাওড়া ডিভিসন থেকে যাত্রাকারী ০৩টি যাত্রীবাহী ট্রেনের ০৫টি এসএলআর-এর ই-নিলাম আহ্বান করা হচ্ছে। **www.ireps.gov.in** -এ বিশদ নিয়ম ও শর্তাবলি সহ হস্তান্তর অযোগ্য অকশন ক্যাটালগ পাওয়া যাবে। এই ই-নিলাম-এর দরপ্রস্তাব প্রদান **www.ireps.gov.in**-এর ই-অকশন মডিউল-এর মাধ্যমে দাখিল করতে হবে। ই-নিলামে অংশগ্রহণ করতে ব্যবসায়ীদের www.ireps.gov.in-এর ই-অকশন মডিউলে একবারের জন্য নথিভুক্তিকরণ আবশ্যিক। ব্যবসায়ীদের এছাড়াও ক্লাস-III ডিজিটাল সিগনেচার সার্টিফিকেট গ্রহণ করতে হবে। **অকশন ক্যাটালগের বিশদ ঃ অকশন ক্যাটালগ নং. ঃ** পিসিএল-এইচডব্লুএইচ-এল-২৪-৯এ, **ট্রেন ঃ** ০৩টি যাত্রীবাহী ট্রেনের ০৫টি এসএলআর, **নিলাম শুরুর তারিখ ও সময় ঃ** ০৩.০৯.২০২৪ তারিখ দুপুর ১টায়।

(HWH-236/2024-25)

ওয়েবসাইট **www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in**-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন @EasternRailway @easternrailwayheadquarter

KOLKATA MUNICIPAL CORPORATION e - TENDER

ABRIDGED NIT

The DG/(S&D), KMC invites e-tender online item wise rate in two bid system for the following works:
(1) NIT No.: KMC/BDPS/MH-01R/24-25 (2nd Call)
Name of the Work : **Repairing of pump unit no. 3 including NRV and delivery valve at Jodhpur Park Drainage Pumping Station under BDPS**; Estimated Cost : **Rate to be quoted;** Earnest Money : **Rs. 10,000.00**; Period of Completion : **20 Days;**
(2) NIT No.: KMC/(S_D)/NORTH/I/24-25/07 (1st Call)
Name of the Work : **Identification and raising/ replacement of hidden and depressed/ damaged manholes along Khudiram Bose Sarani in Ward No. 3 under BR-I**; Estimated Amount (excluding contingency) : **Rs. 4,15,712.64;** Earnest Money : **Rs. 8,500.00;**
(3) NIT No.: KMC/(S_D)/NORTH/I/24-25/06 (1st Call)
Name of the Work : **Repairing and restoration of damaged manholes in between Pramanick Ghat Road and Rustomjee Parsee Road near premises no. 66, 85/1, 87C etc. along Cossipore Road in Ward No. 1 under BR-I**; Estimated Amount (excluding contingency) : **Rs. 2,31,473.86;** Earnest Money : **Rs. 4,800.00**; Last Date and Time of submission of Bid : **05.09.2024 up to 5 p.m.** (for Sl. no. 1); Time and last date of receipt/opening of tender paper : **31.08.2024 at 1 p.m. (for Sl. no. 2)/02.09.2024 at 2 p.m. (Technical Bid)** (for Sl. no. 2 & 3); The Bid forms and other details are available on and from **24.08.2024 at 5 p.m.** (for Sl. no. 1), **23.08.2024 at 5 p.m.** (for Sl. no. 2 & 3); The website **https://wbetenders.gov.in** (for Sl. no. 1 to 3) & **https://www.kmcgov.in** (for Sl. no. 2 & 3)

The Director General (Roads)/Mechanical, KMC invites e-tender online percentage rate two bid system for the following works:
(1) NIT No.: KMC/ASPH/GG/MH-08/2024-25 (1st Call)
Name of the Work : **Improvement of road surface from 72/6 to 72/7/C Becharam Chatterjee Road in Ward No. 130, BR-XIV under Roads Mechanical Department**; Estimate Amount (including GST & CESS) : **Rs. 4,04,049.51;** Earnest Money : **Rs. 8,500.00;** Period of Completion : **12 Days;**
(2) NIT No.: KMC/ASPH/PB/MH-05/2024-25 (1st Call)
Name of the Work : **Improvement of road surface from 1, Arya Vidyalaya Road to Lal Gate in Ward No. 105, BR-XII under Roads Mechanical Department**; Estimate Amount (including GST & CESS) : **Rs. 4,98,261.26;** Earnest Money : **Rs. 10,000.00**; Period of Completion : **15 Days;**
(3) NIT No.: KMC/ASPH/GG/MH-09/2024-25 (1st Call)
Name of the Work : **Improvement of road surface from 72/11 to 72/3 Becharam Chatterjee Road in Ward No. 130, BR-XIV under Roads Mechanical Department**; Estimate Amount (including GST & CESS) : **Rs. 4,57,983.64;** Earnest Money : **Rs. 9,500.00**; Period of Completion : **12 Days;**
(4) NIT No.: KMC/ASPH/PB/KM-09/24-25 (1st Call)
Name of the Work : **Improvement of Belgachia Road Bye Lane from premises no. 64/1/8 to 64/68/1 in Ward No. 3, BR-I, under Roads Mechanical Department**; Estimate Amount (including GST & CESS) : **Rs. 4,98,014.35;** Earnest Money : **Rs. 10,000.00**; Period of Completion : **20 Days;**
(5) NIT No.: KMC/ASPH/PB/KM-01/24-25 (2nd Call)
Name of the Work : **Renovation of toilet latrine block, labour hut including plumbing and drainage connection, provide PVC over head tank etc and other allied civil work at Pilkhana Labour Quarter Campus under Asphaltum Palmer Bazar Department**; Estimate Amount (including GST & CESS) : **Rs. 4,97,346.63;** Earnest Money : **Rs. 10,000.00**; Period of Completion : **30 Days**; Last Date and Time of submission of Bid : **07.09.2024 up to 12 noon** (for Sl. no. 1 to 3), **03.09.2024 at 11.30 a.m.** (for Sl. no. 4 & 5); Bid opening date for Technical Proposals (Online) : **05.09.2024 at 11.30 a.m.** (for Sl. no. 4 & 5); The Bid forms and other details are available on and from **28.08.2024 at 12 noon** (for Sl. no. 1 to 3), **23.08.2024 after 5 p.m.**(for Sl. no. 4 & 5); The website **https://wbtenders.gov.in** (for Sl. no. 1 to 5)

The Executive Engineer (Civil) (Roads), KMC invites e-tender online percentage rate two bid system for the following work:
NIT No.: KMC/ROADS/2024-2025/326 (1st Call)
Name of the Work : **Restoration of trenches dug by Water Supply Department at different spots on Ballygunge Circular Road, Confield Road, Ekdalia Road etc. under BR-VIII**; Estimated Amount (including GST & CESS) : **Rs. 4,91,376.52** (excluding contingency amount); Earnest Money : **Rs. 9,900.00**; Period of Completion : **30 Days**; Last Date and Time of Submission of Bid : **05.09.2024 at 12 noon**; The bid forms and other details are available on and from **24.08.2024 at 12 noon** in the website **https://wbtenders.gov.in**

The Executive Engineer (Parks & Squares), KMC invites quotation online percentage rate two bid system for the following works:
(1) NIT No.: KMC/EE_PS/B5/02/24-25 (1st Call)
Name of the Work : **Deployment of labour for cleaning of immersion ghat including making temporary VATS at Rani Rashmoni Ghat & Jagannath Ghat in BR-V**; Estimated Cost : **Rs. 3,24,083.18;** Earnest Money : **Rs. 6,500.00;** Period of Completion : **45 Days;**
(2) NIT No.: KMC/EE_PS/B5/01/24-25 (1st Call)
Name of the Work : **Deployment of labour for cleaning of immersion ghat including making temporary VATS at Baja Kadamtala Ghat in BR-V**; Estimated Cost : **Rs. 3,98,987.71;** Earnest Money : **Rs. 8,000.00**; Period of Completion : **45 Days**; Last Date and Time of Submission of Bid : **03.09.2024 at 1 p.m.** (for Sl. no. 1 & 2); The bid forms and other details are available on and from **24.08.2024 at 10 a.m.** (for Sl. no. 1 & 2); The website **https://etender.wb.nic.in** (for Sl. no. 1 & 2)

The Director General (Bustee), KMC invites e-tender online percentage rate two bid system for the following works:
(1) NIT No.: KMC/EEBS/HQ/VI/047/02/24-25/040 (1st Call)
Name of the Work : **Repairing of bustee passage at different places of 31 Malanga Lane, 13 Gangadhar Babu Lane and its surrounding area in Ward No. 47**; Estimated Amount (including GST & LWC) : **Rs. 3,83,031.29;** Earnest Money : **Rs. 8,000.00**; Period of Completion : **180 Days;**
(2) NIT No.: KMC/EEBS/HQ/VI/054/01/24-25/038 (1st Call)
Name of the Work : **Repairing of bustee passage at different places 11 S.S.A. Road Bustee and surrounding area in Ward No. 54**; Estimated Amount (including GST & LWC) : **Rs. 3,63,781.39;** Earnest Money : **Rs. 8,000.00**; Period of Completion : **180 Days;**
(3) NIT No.: KMC/EEBS/HQ/VI/060/01/24-25/037 (1st Call)
Name of the Work : **Construction of sanitary latrine at 8 Kasai Para Lane in Ward No. 60**; Estimate Amount (including GST & LWC) : **Rs. 1,85,839.38;** Earnest Money : **Rs. 8,000.00**; Period of Completion : **60 Days;**
(4) NIT No.: KMC/EEBS/HQ/VI/047/01/24-25/039 (1st Call)
Name of the Work : **Repairing of sanitary latrine and bathroom at different places of Malanga Lane, 29 Eden Hospital Road Bustee and its surrounding area in Ward No. 47**; Estimate Amount (including GST & LWC) : **Rs. 4,32,362.61;** Earnest Money : **Rs. 10,000.00**; Period of Completion : **180 Days**; Last Date and Time of Submission of Bid : **09.09.2024 upto 11 a.m.** (for Sl. no. 1 to 4); Bid opening date and time for technical proposals : **11.09.2024 at 11 a.m.** (for Sl. no. 1 to 4); The bid forms and other details are available on and from **28.08.2024 at 5 p.m.** (for Sl. no. 1 to 4); The websites **https://wbtenders.gov.in** & **https://www.kmcgov.in** (for Sl. no. 1 to 4)

449/24-25

ক্যাপ্টেন রোহিতের বড় সিক্রেট ফাঁস মহম্মদ সামির

দুরন্ত বার্তা প্রতিবেদন

ক্যাপ্টেন হিটম্যান দলের সকলের কথা ভাবেন। টিমের প্রত্যেক প্লেয়ারকে স্বাধীনতা দেন। আবার মাঝে মাঝে তাঁর প্রত্যাশা পূরণ না হলে, দলের ক্রিকেটারদের বকাঝকা করতেও ছাড়েন না রোহিত শর্মা। টিমের কোন ক্রিকেটারের থেকে তিনি ঠিক কী চান, সেটাও পরিষ্কার জানান। কিন্তু তাঁর হিসেব মতো পারফরম্যান্স না হলেই বিপত্তি। সেই বিপত্তির কথাই এ বার শুনিয়েছেন ভারতের তারকা বোলার মহম্মদ সামি। রোহিতের এই বড় সিক্রেট অনেকেরই অজানা। জেনে নিন বিস্তারিত। এক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মহম্মদ সামি জানান, অধিনায়ক রোহিত শর্মা যেমন দলের সকলকে তাঁদের মতো খেলার স্বাধীনতা দেন, তেমনই চাপমুক্ত থাকার কথাও উল্লেখ করেন। কিন্তু রোহিতের প্রত্যাশা না মিটলে প্রতিক্রিয়াও মাঠেই ঠিকরে বেরোয়। এই প্রসঙ্গে সামি বলেন, ''রোহিতের মধ্যে সবচেয়ে ভালো বিষয় হল, ও দলের ক্রিকেটারদের স্বাধীনতা দেয়। কিন্তু যদি ওর হিসেব মতো পারফরম্যান্স না হয়, তা হলে ওর প্রতিক্রিয়াও তেমনই বেরিয়ে আসে। ও জানায়, ঠিক কী চায়, কেমন ভাবে তা করতে হবে। এরপরও যদি দেখে ও যেমনটা চাইছে হচ্ছে না, তা হলে আপনারা যা স্ক্রিনে

রিঅ্যাকশন দেখেন, সেটা ধেয়ে আসে।'' সামি যখন এই কথাগুলো বলছিলেন, সেই অনুষ্ঠানের মঞ্চে উপস্থিত ছিলেন রোহিত শর্মা। তিনি সামির কথা শুনে বলেন, ''আমি বরাবর এটা চেষ্টা করি যে প্রথমে নিজে যেমন, সেটা থাকতে হবে।'' স্টাম্প মাইকে প্রায়শই রোহিত শর্মার ক্ষোভের বহিঃপ্রকাশ ধরা দিয়েছে অতীতে। সেখান থেকেই 'গার্ডেন মে ঘুমনে ওয়ালে বান্দে'র (বাগানে ঘোরা ছেলেরা) মতো কথা আইকনিক সংলাপে পরিণত হয়েছে। তাঁর সতীর্থরা জানেন, রোহিত মাঠে থাকলে এমন নানা কথা তাঁদের শুনতে হতে পারে। সেই জন্য তাঁরা প্রস্তুতও থাকেন। আর যাই হোক না কেন, হিটম্যান না নিজের ব্যাটিংয়ের ধরনের সঙ্গে আপোস করেন, না দলের সতীর্থদের সমর্থন করা থামান। সেই জন্যই রোহিত টিম ইন্ডিয়ার অন্যতম সেরা ও অনেকের পছন্দের ক্যাপ্টেন।

ডুরান্ড ভুলে ইস্টবেঙ্গলের নজর এএফসি চ্যালেঞ্জ লিগে

প্রতিপক্ষ কারা লাল-হলুদের?

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ আগস্টঃ ইস্টবেঙ্গলের ডুরান্ড কাপ যাত্রা শেষ। কোয়ার্টার ফাইনালে শিলং লাজংয়ের কাছে হেরে টুর্নামেন্ট থেকে বিদায় নিয়েছে গত বারের রানার্সরা। এই অবস্থায় আজ, বৃহস্পতিবার ঘোষিত হল এএফসি চ্যালেঞ্জ লিগে গ্রুপ পর্বের সূচি। লাল-হলুদ বাহিনীর সামনে এ বার নতুন চ্যালেঞ্জ। ২৬ অক্টোবর থেকে শুরু হচ্ছে এএফসি চ্যালেঞ্জ লিগের গ্রুপ পর্ব। এ বছর কলিঙ্গ কাপ জেতার ফলে এএফসি চ্যালেঞ্জ লিগে খেলার যোগ্যতা অর্জন করেছে ইস্টবেঙ্গল। এই টুর্নামেন্টের গ্রুপ-এ-তে রয়েছে লাল-হলুদ শিবির। কলকাতার শতাব্দী প্রাচীন এই ক্লাবের সঙ্গে একই গ্রুপে পড়েছে আর কোন দল? ২২ আগস্ট মালয়েশিয়ার কুয়ালালামপুরে এএফসি হাউসে এএফসি চ্যালেঞ্জ লিগের ড্র হয়েছে। যেখানে ইস্টবেঙ্গল পড়েছে গ্রুপ-এ-তে। সেখানে মশালবাহিনীর সঙ্গে পড়েছে লেবাননের ক্লাব নেজমেহ এসসি, বাংলাদেশের ক্লাব বসুন্ধরা কিংস ও ভুটানের ক্লাব পারো। গ্রুপ পর্বে ৫টি গ্রুপের খেলা হবে। ২৬ অক্টোবর থেকে শুরু করে ২ নভেম্বর। গ্রুপ পর্ব থেকে ৮টি দল পরের রাউন্ডে যাবে। সেখানে থাকবে ওয়েস্ট জোনের তিন গ্রুপের জয়ীরা এবং রানার্সরা। আর ইস্ট জোনের দুটো দলের শীর্ষে থাকবে যে ২টো টিম তারাও যাবে পরের রাউন্ডে। ২০২৫ সালের ৫-১৩ মার্চ অবধি হবে কোয়ার্টার ফাইনাল। সেমিফাইনাল শুরু হবে ৯-১৭ এপ্রিল। আর টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত হবে ২০২৫ সালের ১০ মে। ২০১৫ এএফসি কাপের পর এই প্রথম ইস্টবেঙ্গল একটি মহাদেশীয় ক্লাব প্রতিযোগিতার গ্রুপ পর্বে খেলবে। ২০১৩ এএফসি কাপে ইস্টবেঙ্গল সেমিফাইনালে পৌঁছেছিল। তারপর থেকে আর সাফল্য ধরা দেয়নি। এ বার দেখার কেমন পারফর্ম করে কার্লেস কুয়াদ্রাতের ছেলেরা।

এবার রশিদদের দায়িত্বে ভারতের প্রাক্তন ফিল্ডিং কোচ শ্রীধর

কাবুল, আগস্টঃ সেপ্টেম্বরে নিউজিল্যান্ডের বিরুদ্ধে টেস্ট ম্যাচ খেলতে নামবে আফগানিস্তান। তবে সেই ম্যাচ অনুষ্ঠিত হবে ভারতের গ্রেটার নয়ডায়। কিন্তু আফগানিস্তান ক্রিকেটের সঙ্গে এখানেই ভারতের যোগাযোগ শেষ হচ্ছে না। রশিদ খানদের দলের সহকারী কোচের দায়িত্ব সামলাতে দেখা যাবে আর শ্রীধরকে। ভারতীয় ক্রিকেট দলে দীর্ঘদিন সহকারী কোচ ছিলেন শ্রীধর। রোহিত-বিরাটদের ফিল্ডিং কোচের ভূমিকাতেও ছিলেন তিনি। রবি শাস্ত্রী যখন ভারতের কোচ ছিলেন, তখনও শ্রীধর দায়িত্বে ছিলেন। এবার আফগানিস্তান ক্রিকেটের সহকারী কোচ হিসেবে কাজ করবেন তিনি। ইতিমধ্যেই সেই দেশের বোর্ড থেকে বিষয়টি নিশ্চিত করা হয়েছে। তবে আপাতত দুটি সিরিজের জন্য রাখা হচ্ছে তাঁকে। নিউজিল্যান্ডের বিরুদ্ধে টেস্টের পর দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে তিনটি ওয়ানডে ম্যাচের সিরিজও রয়েছে আফগানদের। সেখানেও দায়িত্বে থাকবেন শ্রীধর। তাঁর সঙ্গে দীর্ঘমেয়াদি চুক্তির কথাও ভাবছে আফগান ক্রিকেট বোর্ড। তাদের পক্ষ থেকে জানানো হয়েছে, আফগানিস্তান ক্রিকেট বোর্ড শ্রীধরকে সহকারী কোচ হিসেবে নিযুক্ত করেছে। সামনে নিউজিল্যান্ডের বিরুদ্ধে একটি টেস্ট ও দক্ষিণ আফ্রিকার তিনটি ওয়ানডে ম্যাচের সিরিজে দায়িত্বে থাকবেন তিনি। ভবিষ্যতে তাঁর সঙ্গে দীর্ঘমেয়াদি চুক্তির পরিকল্পনা রয়েছে। উল্লেখ্য, ২০২৪ থেকে ২০২১ সাল পর্যন্ত ভারতের কোচিং স্টাফ ছিলেন শ্রীধর। ২০২১-এ দ্রাবিড় দায়িত্বে আসার পর শ্রীধরের জায়গায় নিযুক্ত হন টি দিলীপ। এছাড়া ৩৫টি প্রথম শ্রেণির ম্যাচ ও হায়দরাবাদের হয়ে ১৫টি লিস্ট এ ম্যাচের অভিজ্ঞতা রয়েছে শ্রীধরের। এবার তাঁর কাধে আরও বড় দায়িত্ব। এর আগে ২০১৬ সালে লালচাঁদ রাজপুত আফগানিস্তান দলের কোচ ছিলেন।

সাফল্যের জন্য যাঁদের চূড়ায় বসালেন রোহিত

নয়াদিল্লি, ২২ আগস্টঃ টিম ইন্ডিয়া বিশ্বজয় করার পর অধিনায়ক রোহিত শর্মার মুকুটে এক বিশেষ পালক জুড়েছিল। ভারতের টি-২০ বিশ্বকাপ জয়ের নেপথ্যে একা কোনও ক্রিকেটার নেই, ছিলেন ১১জন। রোহিত এ বার বিশ্বকাপ জয়ের নেপথ্যে থাকা ভারতীয় টিমের সাফল্যের জন্য তিন স্তম্ভকে খুঁজে বের করেছেন। তিনি নিজের নাম করেননি। বিরাট কোহলি, হার্দিক পান্ডিয়ার নামও রোহিতের মুখে শোনা যায়নি। তা হলে ঠিক কাদের নাম বললেন হিটম্যান? রোহিত শর্মার স্বপ্নপূরণের তিন স্তম্ভ কারা? সম্প্রতি সিয়েট অ্যাওয়ার্ডস্-এর এক অনুষ্ঠানে রোহিত শর্মা জানান, যে তিন স্তম্ভের কাছে সাহায্য পেয়েছেন তিনি, তাঁরা হলেন বোর্ড সচিব জয় শাহ, ভারতের কোচ রাহুল দ্রাবিড় ও নির্বাচক প্রধান অজিত আগরকর। টিম ইন্ডিয়ার ক্যাপ্টেন বলেন, ''আমার স্বপ্ন ছিল এই দলটাকে বদলে দেওয়া। পরিসংখ্যান, ফলাফল নিয়ে আমি ভাবতে চাইনি। আমি বরাবর এমন পরিবেশ তৈরি করতে চেয়েছিলাম, যেখানে বেশি কিছু না ভেবে ক্রিকেটারেরা নিজেদের ভাবনা প্রকাশ করতে পারে।' রোহিতের মতে, ''এটাই দরকার ছিল। আমি তিন স্তম্ভ, জয় শাহ, রাহুল দ্রাবিড় এবং নির্বাচক প্রধান অজিত আগরকরের সাহায্য পেয়েছিলাম। আমার জন্য কাজটা বেশ কঠিন ছিল। আর ক্রিকেটারদের কথা ভুললে চলবে না। বিভিন্ন পরিস্থিতিতে ওরা এগিয়ে এসে দলকে সাহায্য করেছিল বলেই আমরা এত কিছু অর্জন করতে পেরেছি।'' বিশ্বজয়ের মুহূর্ত কারও জীবনে রোজ রোজ আসে না। এই প্রসঙ্গে রোহিত শর্মা বলেন, ''এই অনুভূতি তো প্রতিদিন আসে না। আমরা দীর্ঘদিন ধরেই এমন দিনের অপেক্ষায় ছিলাম। তাই যখন আমরা বিশ্বকাপ জিতেছিলাম, সেই সময় মনে হয়েছিল প্রতিটা মুহূর্ত উপভোগ করা উচিত আমাদের। আমরা ভালো খেলেছিলাম। তাই সকলে মিলে উৎসব করতে পেরেছি। দেশের সকলে আমাদের সঙ্গে যে ভাবে সেলিব্রেট করেছিলেন, তাঁদের ধন্যবাদ জানাই।' উল্লেখ্য, টি-টোয়েন্টি বিশ্বকাপ জেতার পর যে সময় সকল ভারতীয় ক্রিকেট প্রেমী খুশিতে আত্মহারা ছিলেন, সেই সময় আন্তর্জাতিক টি-২০ ক্রিকেটকে বিদায় জানান ভারত অধিনায়ক রোহিত, বিরাট, জাডেজারা।

বাজবল বনাম জ্যাজবল, ক্যালেন্ডারে মার্ক করুন রোহিতদের ইংল্যান্ড সফরের সূচি

মুম্বই, ২২ আগস্টঃ প্রহর গোনার পালা এ বার শেষ ক্যালেন্ডারে মার্ক করুন রোহিত শর্মার ভারতের ইংল্যান্ড সফরের সূচি। নতুন বছরে ইংল্যান্ড সফর দিয়ে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের তৃতীয় চক্র শুরু করবে ভারত। ইংল্যান্ডের মাটিতে গিয়ে ৫ টেস্টের সিরিজ খেলবেন রোহিত শর্মারা। এ বার কি এই সিরিজ হবে বাজবল বনাম জ্যাজবল? ক্রিকেট প্রেমীরা সে কথাই যেন বলাবলি শুরু করেছেন। বিসিসিআইয়ের পক্ষ থেকে টিম ইন্ডিয়ার ইংল্যান্ড সফরের সূচি ঘোষণা করা হয়েছে। এক ঝলকে দেখে নিন কবে, কোথায় হবে ভারত-ইংল্যান্ডের ৫ টেস্টের সিরিজ। দীর্ঘদিন পর ইংল্যান্ডে দ্বিপাক্ষিক সিরিজ খেলতে যাচ্ছে ভারতীয় ক্রিকেট টিম। সে বার বিরাট কোহলির নেতৃত্বে ২-১ ব্যবধানে টেস্ট সিরিজে এগিয়েছিল টিম ইন্ডিয়া। সেই সময় ভারতীয় শিবিরে করোনা থাবা বসায়। তাই সিরিজের শেষ টেস্ট ম্যাচ ২০২২ সালে অনুষ্ঠিত

হয়েছিল। সে বার জসপ্রীত বুমরার নেতৃত্বে ওই টেস্ট ম্যাচটি খেলে ভারত। তাতে সিরিজে সমতা ফেরায় ইংল্যান্ড। এ বার নতুন বছরের জুন মাসে টিম ইন্ডিয়ার বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের তৃতীয় চক্র শুরু হবে। হেডিংলিতে হবে ভারত-ইংল্যান্ডের প্রথম টেস্ট ম্যাচ। এ বছর ভারতের মাটিতে ইংল্যান্ড টিম এসেছিল টেস্ট সিরিজ খেলতে। সেখানে রীতিমতো দাপট দেখা গিয়েছিল টিম ইন্ডিয়ার তরুণ তুর্কি যশস্বী জয়সওয়ালের ব্যাটে। ইংল্যান্ডের বিরুদ্ধে বাজবলের জায়গায় দেখা গিয়েছিল জ্যাজবল। ৫ টেস্টের সিরিজ ৪-১ ব্যবধানে জেতে ভারত। সিরিজের সেরা হয়েছিলেন যশস্বী। প্রথম ভারতীয় ব্যাটার হিসেবে ইংল্যান্ডের বিরুদ্ধে এক টেস্ট সিরিজে ৭০০ কিংবা তার বেশি রানের রেকর্ড গড়েছিলেন তিনি। এ বারও কি তেমন কিছু দেখা যেতে পারে ভারতের ইংল্যান্ড সফরে? সময়ই বলবে।

২০২৫ সালে ভারত যে ইংল্যান্ড সফরে যাবে, দেখে নিন তার সূচি- প্রথম টেস্ট - ২০-২৪ জুন, হেডিংলি, লিডস। দ্বিতীয় টেস্ট - ২-৬ জুলাই, এজবাস্টন, বার্মিংহ্যাম। তৃতীয় টেস্ট - ১০-১৪ জুলাই, লর্ডস, লন্ডন। চতুর্থ টেস্ট - ২৩-২৭ জুলাই, এমিরেটস ওল্ড ট্র্যাফোর্ড, ম্যাঞ্চেস্টার। পঞ্চম টেস্ট - ৩১-৪ জুলাই, দ্য কিয়া ওভাল, লন্ডন

আন্তর্জাতিক ফুটবলকে বিদায় জার্মানির 'ওয়াল'-এর

মিউনিখ, ২২ আগস্টঃ আন্তর্জাতিক ফুটবলকে বিদায় জানালেন জার্মানির গোলরক্ষক ম্যানুয়েল ন্যুয়ের। তবে ক্লাব ফুটবলে খেলা চালিয়ে যাবেন। ২০১৪ সালে জার্মানির বিশ্বকাপ জয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন। তবে গত এক-দু বছর চোট আঘাত সমস্যায় পড়েছেন। দীর্ঘ ১৫ বছরের আন্তর্জাতিক কেরিয়ার। স্বাভাবিক ভাবেই একটা কঠিন সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছেন এই কিংবদন্তি গোলরক্ষক। বায়ার্ন মিউনিখের তারকা অবশ্য ক্লাবের হয়ে খেলা চালিয়ে যাবেন। জার্মানি ফুটবল টিমের ওয়াল ৩৮ বছরের ম্যানুয়েল ন্যুয়ের। কিছুদিন আগেই ঘরের মাঠে ইউরো কাপে খেলেছেন। কোয়ার্টার ফাইনালে এক্সট্রা টাইমে স্পেনের কাছে হেরে বিদায় নেয় জার্মানি। সেটাই দেশের জার্সিতে শেষ ম্যাচ হয়ে দাঁড়ায়। ২০২৬ সালে পরবর্তী বিশ্বকাপ। ইচ্ছে ছিল আগামী বিশ্বকাপেও খেলার, এমনই জানিয়েছেন ন্যুয়ের। আন্তর্জাতিক ফুটবলে অবসর প্রসঙ্গে এক বিবৃতিতে ম্যানুয়েল ন্যুয়ের বলেন, ''এখনও ফিট আছি। স্বাভাবিক ভাবেই ইচ্ছে ছিল আগামী বিশ্বকাপেও খেলার। একই সঙ্গে আমার মনে হয়েছে, এটাই সঠিক সময় এমন সিদ্ধান্ত নেওয়ার। পুরোপুরি বায়ার্ন মিউনিখে ফোকাস করতে চাই।'' ইউরোপ কাপের আগেই জার্মানির মিডফিল্ডার টনি ক্রুজ ঘোষণা করেছিলেন, টুর্নামেন্ট শেষে অবসর নেবেন। টমাস মুলার, ইকে গুন্ডোগানও অবসর নিয়েছেন। এ বার সেই তালিকায় নাম লেখালেন কিংবদন্তি গোলকিপার।

ব্র্যান্ড ভ্যালুতে ক্রিকেটারদের টেক্কা নীরজের

নয়াদিল্লি, ২২ আগস্টঃ প্যারিস অলিম্পিক্সে ফুল ফুটিয়েছেন ভারতীয়রা। তবে সবথেকে বেশি চর্চা যাদের নিয়ে হচ্ছে তাঁরা হলেন নীরজ চোপড়া এবং মনু ভাকর। আর অলিম্পিক্স শেষ হওয়ার পর নিজেদের ব্র্যান্ড ভ্যালুও চড়চড় করে বাড়িয়ে ফেলেছেন দুজন। ব্র্যান্ড ভ্যালুতে একাধিক ভারতীয় ক্রিকেটারকেও ছাড়িয়ে গেছেন নীরজ চোপড়া। সর্বভারতীয় এক সংবাদমাধ্যমের রিপোর্ট অনুযায়ী, এই মুহূর্তে নীরজের ব্র্যান্ড ভ্যালু ৩৩০ কোটি ছাড়িয়ে গেছে। অলিম্পিক্স শুরুর আগে ভারতীয় দলের ক্রিকেটার হার্দিক পান্ডিয়ার সমতুল্য ব্র্যান্ড ভ্যালু ছিল নীরজের। এখন তাঁকে ছাড়িয়ে যেতে চলেছেন নীরজ। বর্তমানে ভারতীয় ক্রিকেটারদের বাদ রেখে তাঁর ব্র্যান্ড ভ্যালুই সবচেয়ে বেশি। অন্যদিকে প্রচুর বিজ্ঞাপনের অফার আসছে মনুর কাছেও।

বিশ্বকাপের আগে স্বপ্নের দেশে ভারতীয় ক্রিকেটের কুইন

জুরিখ, ২২ আগস্টঃ ভারতীয় ক্রিকেটের কুইন স্মৃতি মান্ধানা। সম্প্রতি তাঁকে খেলতে দেখা গিয়েছিল দ্য হান্ড্রেডে। এ বার অল্প কয়েকদিনের বিরতি। সেই সুযোগে সুইজারল্যান্ডে মিষ্টি মেমোরি তৈরি করলে গেলেন ভারতের মহিলা ক্রিকেট টিমের সহ-অধিনায়ক। সামনেই মেয়েদের আইসিসি টি-২০ বিশ্বকাপ। তার আগে স্বপ্নের দেশে খোশমেজাজে স্মৃতি। সুইজারল্যান্ড থেকে স্মৃতি নিজের ২টি ছবি ইন্সটাগ্রামে শেয়ার করেছেন। যেখানে দেখা যায় তাঁর পরনে একটি কালো টি-শার্ট, নীল রংয়ের জিন্স, সাদা স্নিকার্স ও কালো সানগ্লাস। তাঁর ঠিক পিছনেই একটি সবুজ জল। একটু দূরেই মেঘে ঘেরা পাহাড়। যে দৃশ্য দেখলেই যে কারও মন জুড়াবে। তাই স্মৃতিও সেখানে মিষ্টি স্মৃতি অর্থাৎ মেমোরি তৈরি করতে পৌঁছে গিয়েছেন। নিজের ইন্সটাগ্রাম স্টোরিতেও সুইজারল্যান্ড ভ্রমণের টুকরো টুকরো মুহূর্ত শেয়ার করছেন স্মৃতি। ক্রিকেটাররা সুযোগ পেলেই পরিবারের সঙ্গে সময় কাটান। এ ছাড়া নিজেকে তরতাজা রাখার জন্য মাঝে মাঝেই মনোরম স্থানে বেড়াতে যান অনেকে। যেমন এ বার গিয়েছেন স্মৃতি মান্ধানা। ৩ অক্টোবর থেকে শুরু হবে আইসিসি মহিলাদের টি-টোয়েন্টি বিশ্বকাপ। বাংলাদেশে এ বারের মেয়েদের টি-২০ বিশ্বকাপ অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু নিরাপত্তার প্রশ্নেই বাংলাদেশ থেকে সরানো হল আসন্ন মহিলাদের আইসিসি টি-টোয়েন্টি বিশ্বকাপ। এই মেগা ইভেন্টে টিম ইন্ডিয়ার সফর শুরু হবে ৪ অক্টোবর। এই নিয়ে নবম বার হবে টি-২০ বিশ্বকাপ। দুবাই ও শারজায় হবে এ বারের মেয়েদের বিশ্বকাপের ম্যাচগুলি।

চব্বিশেই হঠাৎ অবসর অলিম্পিয়ান অর্চনার

নেয়াদিল্লি, ২২ আগস্টঃ টেবল টেনিসে নেই উজ্জ্বল ভবিষ্যৎ। শুধু তাই নয়, নেই আর্থিক নিরাপত্তাও। পরের অলিম্পিকে পদক জিততে পারবেন, তার নিশ্চয়তাও নেই। তাই হঠাৎই পেশাদার সার্কিট থেকে অবসর নিলেন অর্চনা কামাথ। মাত্র ২৪ বছরেই অর্চনার অবসরের খবর ক্রীড়ামহলে শোরগোল ফেলে দিয়েছে। প্যারিস অলিম্পিকে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করেছিলেন অর্চনা। কিন্তু দেশকে পদক এনে দিতে পারেননি। এ বার অবসরের পথে হাঁটলেন। তাঁর পরের লক্ষ্য কী? অর্চনা কামাথ নিজের অবসরের কথা তাঁর কোচ অংশুল গর্গকে জানিয়েছেন। সংবাদমাধ্যমকে এক সাক্ষাৎকারে অংশুল জানিয়েছেন, দেশের টেবল টেনিস প্লেয়ার এ বার আমেরিকা চলে যাবেন পড়াশোনা করার জন্য। অর্চনা তাঁর কোচকে এই প্রশ্নও করেছিলেন, যে পরের অলিম্পিকে টেবল টেনিস থেকে

ভারতের পদক জেতার সম্ভবনা কতখানি। ছাত্রীর এমন প্রশ্ন শুনে কী উত্তর দেবেন বুঝতে পারেনি গর্গ। তবে তিনি জানান, এটা খুব কঠিন। ভারতীয় প্যাডলারের কোচ জানান, অর্চনা যখন একবার মনস্থির করে নিয়েছেন টিটি ছাড়বেন, তখন সেই সিদ্ধান্ত বদলানো কঠিন। তাই টেবল টেনিস ছেড়ে উচ্চশিক্ষার পথে হাঁটাই শ্রেয় মনে করছেন অর্চনা। তাঁর দাদা নাসায় কর্মরত। দাদাই অর্চনার আদর্শ। ভারতীয় তারকা টিটি প্লেয়ার জানিয়েছেন, তাঁর দাদাও তাঁকে পড়াশোনা চালিয়ে যেতে উৎসাহ দিয়েছেন।

ইউটিউব চ্যানেল খুলে মেসিকে ২ ঘণ্টায় ছাড়িয়ে বিশ্ব রেকর্ড রোনাল্ডোর

দুরন্ত বার্তা প্রতিবেদন

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক, এক্স (সাবেক টুইটার) ও ইনস্টাগ্রামে অনেক আগে থেকেই সক্রিয় ক্রিস্টিয়ানো রোনাল্ডো। ফেসবুক ও ইনস্টাগ্রামে তো ফলোয়ার সংখ্যায় সবাইকে ছাড়িয়ে গেছেন তিনি। আছে নিজস্ব ওয়েবসাইটও। এবার অনলাইন ভিডিও শেয়ারিং প্ল্যাটফর্ম ইউটিউবেও চ্যানেল খুললেন রোনাল্ডো। পাঁচবারের ব্যালন ডি'অর জয়ী ফুটবলার চ্যানেলের নাম দিয়েছেন 'ইউআর ক্রিস্টিয়ানো'। রোনাল্ডো গতকাল চ্যানেলটি খুলতেই ইন্টারনেট ব্যবহারকারীরা হামলে পড়েছেন। চ্যানেলটিতে এক দিনেই ফলোয়ারের সংখ্যা ১ কোটি ২৫ লাখ ছাড়িয়েছে। প্রথম এক ঘণ্টাতেই তাঁর অনুসারীর সংখ্যা ১ মিলিয়ন বা ১০ লাখ স্পর্শ করেছে, সংবাদমাধ্যম আল-জাজিরার দাবি অনুযায়ী যা নতুন বিশ্ব রেকর্ড। এর আগে এত অল্প সময়ে আর কোনো ইউটিউব চ্যানেলের ফলোয়ারের সংখ্যা ১ মিলিয়ন ছাড়ায়নি। শুধু তা-ই নয়, ইউটিউব চ্যানেলে ফলোয়ার সংখ্যায় দীর্ঘদিনের মাঠের প্রতিদ্বন্দ্বী লিওনেল মেসিকে মাত্র ২ ঘণ্টার মধ্যেই ছাড়িয়ে গেছেন রোনাল্ডো। ভারতীয় সময় গতকাল রাত ১১টা পর্যন্ত মেসির ১৮ বছর

আগে চালু করা ইউটিউব চ্যানেল 'লিও মেসি'র অনুসারীর সংখ্যা ছিল ২১ লাখ ৬০ হাজার। রোনাল্ডোর ফলোয়ারের সংখ্যা মাত্র ২ ঘণ্টাতেই হয়েছিল ২১ লাখ ৭০ হাজার। সেটিও মাত্র ১৮টি ভিডিও আপলোড করেই। বিপরীতে মেসি এখন পর্যন্ত আপলোড করেছেন ২০৭টি ভিডিও। গুগলে বা ইউটিউবে 'ইউআর ক্রিস্টিয়ানো' লিখে সার্চ দিলেই দেখা যাচ্ছে চ্যানেলটির পরিচিতি, 'ইউআর ক্রিস্টিয়ানোয় স্বাগত-এটা ক্রিস্টিয়ানো রোনাল্ডোর অফিশিয়াল ইউটিউব চ্যানেল।' ভারতীয় সময় গতকাল সন্ধ্যায় সামাজিক যোগাযোগমাধ্যমে ইউটিউব চ্যানেল খোলার খবর জানান রোনাল্ডো। সৌদি ক্লাব আল নাসরের পর্তুগিজ মহাতারকা লেখেন, 'অপেক্ষার পালা শেষ। অবশেষে আমার ইউটিউব চ্যানেল চলে এল!' ভক্তদের চ্যানেলটিতে সাবসক্রাইব করতে বলার কথা রোনাল্ডো লিখেছেন তাঁর ট্রেডমার্ক উদ্যাপন সিউ...এর ঢঙে, ' (সাবসক্রাইব করুন) এবং আমার এই নতুন যাত্রায় যোগ দিন।' বর্তমানে এক্সে ১১ কোটি ২৫ লাখ, ফেসবুকে ১৭ কোটি ও ইনস্টাগ্রামে ৬৩ কোটি ৬০ লাখ অনুসারী আছে রোনাল্ডোর। সৌদি প্রো লিগের নতুন মরসুম শুরু হল আজ। রাতেই মাঠে নামেন রোনাল্ডো। ঘরের মাঠে তাঁর দল আল নাসরের প্রতিপক্ষ আল রাইদ। ২০২৪-২৫ মরসুমের শুরুটা অবশ্য প্রত্যাশিত হয়নি রোনাল্ডোর। সৌদি সুপার কাপের সেমিফাইনাল ও ফাইনালে গোল পেলেও দলকে চ্যাম্পিয়ন করতে পারেননি। গত শনিবার ফাইনালে আল নাসরকে ৪-১ গোলে উড়িয়ে শিরোপা জিতেছে আল হিলাল।



দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নস্কর কর্তৃক সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নস্কর Ph. No. 033-2237-0488, 9830217166
Printed & Published by Aloke Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Aloke Kumar Naskar E-mail: dailydurantabarta@gmail.com